
ব্যাখ্যা বাংলাদেশে এককভাবে সর্বাধিক বৈদেশিক মুদ্রা অর্জনকারী খাত হলো তৈরি পোশাক খাত। তৈরি পোশাক রপ্তানিতে বর্তমানে বিশ্বে বাংলাদেশের অবস্থান দ্বিতীয়। ২০১৬-১৭

অর্থবছরে এ খাত থেকে বাংলাদেশ আয় করে ১৪,৩৯৩ মিলিয়ন মার্কিন ডলার, যা মোট রপ্তানি আয়ের ৪১.৫৩%।

৯৫. জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি কোনটি?

- ক) আলফা রশ্মি খ) বিটা রশ্মি
গ) গামা রশ্মি ঘ) আক্ট্রাভায়োলট রশ্মি

ব্যাখ্যা জীবজগতের জন্য সবচেয়ে ক্ষতিকর রশ্মি গামা (γ)। এর ভেদন ক্ষমতা মহাবিশ্বের যেকোনো কণা বা তরঙ্গের থেকে বেশি। এটি আধানবিহীন ও চৌম্বকক্ষেত্র দ্বারা বিক্ষিপ্ত হয় না। সাধারণত নিউক্লীয় বিক্রিয়া গামা বিকিরণের উৎস। তেজস্ক্রিয় আইসোটোপ থেকে স্বতঃস্ফূর্তভাবে গামা বিকিরণ নির্গত হয়। এটি প্রাণিদেহ বা উদ্ভিদদেহের মধ্যদিয়ে গমনকালে স্থায়ী ক্ষতি সাধন করে। এর প্রভাবে স্কিন ক্যান্সার হতে পারে। অপশনের বাকি রশ্মিগুলোও কম বেশি ক্ষতি সাধন করে। তবে কেউই গামা রশ্মির চেয়ে বেশি নয়।

৯৬. ওজোনস্তর ক্ষয়ের জন্য দায়ী কোনটি?

- ক) CO₂ খ) SO₂ গ) CO ঘ) CFC

ব্যাখ্যা কার্বন ও হ্যালোজেন উদ্ভূত ক্লোরোফ্লোরো কার্বন (CFC) ওজন স্তরের ক্ষতির জন্য দায়ী। CFC যখন ওজন স্তরে পৌঁছায় তখন আলট্রাভায়োলট (uv) রশ্মির প্রভাবে তা বিয়োজিত হয়ে মুক্ত হ্যালোজেন পরমাণু ও হ্যালোজেন অক্সাইড মুক্তমূলক উৎপন্ন করে। উৎপন্ন মুক্তমূলকগুলো চেইন বিক্রিয়ার সাহায্যে ওজোন (O₃) অণুকে ধ্বংস করে।

৯৭. BARD এর প্রতিষ্ঠাতা কে?

- ক) জনাব আব্দুল্লাহ হামিদ খান খ) অধ্যক্ষ আখতার হামিদ খান
গ) জনাব আলতাফ হামিদ খান ঘ) অধ্যক্ষ আব্দুল লতিফ খান

ব্যাখ্যা বাংলাদেশের পল্লী উন্নয়ন তথা পল্লী মানুষের আর্থ-সামাজিক উন্নয়নে প্রশিক্ষণ, গবেষণা ও সহায়তা প্রদানের লক্ষ্যে Bangladesh Academy for Rural Development (BARD) প্রতিষ্ঠা করা হয়। বিখ্যাত এ প্রতিষ্ঠানটি অধ্যক্ষ আখতার হামিদ খান কর্তৃক ২৭ মে ১৯৫৯ সালে প্রতিষ্ঠিত হয়।

৯৮. ২০১৭ সালে ICC Champion ট্রফি কোথায় অনুষ্ঠিত হয়?

- ক) ভারত খ) ইংল্যান্ড গ) অস্ট্রেলিয়া ঘ) নিউজিল্যান্ড

ব্যাখ্যা ১-১৮ জুন ২০১৭ অষ্টম 'আইসিসি চ্যাম্পিয়ন্স ট্রফি ২০১৭' অনুষ্ঠিত হয় ইংল্যান্ড এবং ওয়েলসে।

৯৯. খ্রিষ্ট মানমন্দির কোথায় অবস্থিত?

- ক) চীন খ) জাপান গ) রাশিয়া ঘ) যুক্তরাজ্য

ব্যাখ্যা খ্রিষ্ট (greenwich) মানমন্দির যুক্তরাজ্যের রাজধানী লন্ডনে অবস্থিত। এ মন্দিরে রয়েছে 'বিগবেন' নামক ঘড়িটি।

১০০. বিখ্যাত ওয়াটারলু যুদ্ধক্ষেত্র কোথায় অবস্থিত?

- ক) রাশিয়া খ) লন্ডন গ) ব্রাজিল ঘ) বেলজিয়াম

ব্যাখ্যা ১৮১৫ সালের ১৮ জুন বেলজিয়ামের ওয়াটারলু নামক স্থানে সংঘটিত যুদ্ধের নাম 'ওয়াটারলু' যুদ্ধ। ফরাসি সম্রাট নেপোলিয়ন বোনাপার্ট এই যুদ্ধে দুটি সম্মিলিত শক্তি- ডিউক অব ওয়েলিংটনের অধীন ব্রিটিশ সেনাবাহিনী এবং গার্ড ডু ক্বারের অধীন পার্শিয়ান সেনাবাহিনীর নিকট পরাজিত হন। যুদ্ধ প্রান্তরটি বেলজিয়ামের ওয়াটারলু শহর থেকে ২ কিলোমিটার দূরে এবং বেলজিয়ামের রাজধানী ব্রাসেলস থেকে ১৫ কিলোমিটার দক্ষিণে অবস্থিত।



| | |
|-----|---|
| ৮৮ | ক |
| ৮৯ | খ |
| ৯০ | গ |
| ৯১ | ঘ |
| ৯২ | খ |
| ৯৩ | গ |
| ৯৪ | খ |
| ৯৫ | গ |
| ৯৬ | ঘ |
| ৯৭ | খ |
| ৯৮ | খ |
| ৯৯ | ঘ |
| ১০০ | ঘ |



১৩তম প্রভাষক নিবন্ধন পরীক্ষা (কলেজ/সমপর্যায়) ২০১৬

তারিখ ১৩.০৫.২০১৬; সময় ১ ঘণ্টা; পূর্ণমান ১০০; সেট কোড ১; ক সেট

দ্রষ্টব্য : সঠিক উত্তরের জন্য প্রযোজ্য বুড়টি কালো কালির বলপয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণরূপে ভরাট করতে হবে। প্রত্যেক প্রশ্নের মান ১। প্রার্থী প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য ১ (এক) নম্বর পাবেন এবং প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫০ (শূন্য দশমিক পাঁচ শূন্য) নম্বর কর্তন হবে।

১. বাংলা ভাষা কোন ভাষা থেকে এসেছে?

- ক) সংস্কৃত খ) গৌড়ীয় প্রাকৃত
গ) হিন্দি ঘ) আসামি

ত্যাখ্য বাংলা ভাষা 'গৌড়ীয় প্রাকৃত' ভাষা থেকে এসেছে। গৌড়ীয় প্রাকৃত (খ্রি. পূ. ২০০) ভাষা প্রাচীন ভারতীয় আৰ্য (খ্রি.পূ. ১০০০) ভাষা বংশধর। গৌড়ীয় প্রাকৃত ভাষা গৌড় অপভ্রংশ (আনু. ৪০০-৬০০ খ্রি.) ও বঙ্গ-কামরূপী (আনু. ৫০০ খ্রি.) থেকে বাংলা ভাষার উৎপত্তি হয়েছে।

২. কোনটি মৌলিক স্বরধ্বনি?

- ক) ঔ খ) ঙ্গ
গ) ঐ ঘ) ঐ

ত্যাখ্য 'ঐ' মৌলিক স্বরধ্বনি। মৌলিক স্বরধ্বনি বিশেষণ করলে অন্য কোনো স্বরধ্বনি পাওয়া যায় না। যেমন পাওয়া যায় যৌগিক ধ্বনি থেকে (ঐ- ও + ই ধ্বনি)।

৩. বাংলা ভাষারীতির কয়টি রূপ?

- ক) দুইটি খ) তিনটি
গ) পাঁচটি ঘ) চারটি

ত্যাখ্য বাংলা ভাষারীতির রূপ দুটি। যেমন— সাধু ভাষা রীতি ও চলিত ভাষা রীতি। যে ভাষা সুনির্ধারিত ব্যাকরণ অনুসরণ করে চলে সেটি সাধু ভাষা রীতি। আর চলিত ভাষা রীতি পরিবর্তনশীল।

৪. 'ষষ্ঠ'-এর সন্ধি-বিচ্ছেদ কোনটি?

- ক) ষট্ + থ খ) ষষ্ঠ + থ
গ) ষষ্ + থ ঘ) ষষ্ + ঠ

ত্যাখ্য 'ষষ্ঠ'-এর সন্ধিবিচ্ছেদ হলো ষষ্ + থ। ষ্ + থ থাকলে ঠ হয়। আবার ষ্ + ত থাকলে ষ্ট হয়। যেমন— বৃষ্টি (বৃষ্ + তি), আকৃষ্টি (আকৃষ্ + ত)।

৫. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?

- ক) পঙ্কজ খ) তৈল
গ) মধুর ঘ) নবাবী

ত্যাখ্য পঙ্কজ যোগরূঢ় শব্দ। শৈবাল, শালুক, পদ্মফুল ইত্যাদি পঙ্ক অর্থাৎ কাদায় জন্মে কিন্তু পঙ্কজ শব্দটি 'পদ্মফুল' অর্থেই ব্যবহৃত হয় বলে পঙ্কজ যোগরূঢ় শব্দ। যোগরূঢ় শব্দ সমাসনিপ্পন্ন শব্দের অনুগামী না হয়ে অর্থবোধক শব্দ হয়।

৬. 'অদ্য' শব্দটি কোন ভাষারীতির উদাহরণ?

- ক) চলিত খ) সাধু
গ) প্রাকৃত ঘ) কোল

ত্যাখ্য 'অদ্য' শব্দটি সাধু ভাষারীতির উদাহরণ। 'অদ্য' শব্দের চলিত রূপ হলো এখন।

৭. কোনটি ওষ্ঠ্য ধ্বনি?

- ক) ম খ) ঙ
গ) চ ঘ) র

ত্যাখ্য 'ম' ওষ্ঠ্য ধ্বনি। এরূপ প, ফ, ব, ভ। এগুলো উচ্চারণের সময় ওষ্ঠের সাথে অধরের স্পর্শ ঘটে।

৮. চন্দ্রের প্রতিশব্দ নয়—

- ক) সোম খ) হিমাংশু
গ) সবিতা ঘ) দ্বিজরাজ

ত্যাখ্য চন্দ্রের প্রতিশব্দ নয় সবিতা। চন্দ্রের প্রতিশব্দ হলো : দ্বিজরাজ, সোম, হিমাংশু। এরূপ— সুধাকর, শশী, নিশাকর, রজনীকান্ত ইত্যাদি। সবিতা শব্দের প্রতিশব্দ সূর্য, তপন, রবি প্রভৃতি।

৯. কোন বানানটি শুদ্ধ?

- ক) মুর্মূর্ষ খ) মুর্মূর্ষ
গ) মুর্মূর্ষ ঘ) মুর্মূর্ষ

১০. কোনটি তৎপুরুষ সমাস?

- ক) ভালোমন্দ খ) মধুমাথা
গ) যথাসাধ্য ঘ) সতর্নিত্ত

ত্যাখ্য 'মধুমাথা' মধু দ্বারা মাথা তৎপুরুষ সমাস। এটি তৃতীয়া তৎপুরুষ সমাস। দ্বারা, দিয়া, কর্তৃক হলে তৃতীয়া তৎপুরুষ সমাস হয়।

১১. 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন' এখানে 'নীড়' শব্দটি কী অর্থে ব্যবহৃত হয়েছে?

- ক) নান্দনিক খ) আশ্রয়
গ) রহস্যময় ঘ) পাখির বাসা

ত্যাখ্য 'পাখির নীড়ের মত চোখ তুলে নাটোরের বনলতা সেন'— এখানে 'নীড়' শব্দটি 'আশ্রয়' অর্থে ব্যবহৃত হয়েছে। নীড় যেমন পাখির নিরাপদ আশ্রয় ঠিক তেমনি কবির কাছে সবুজ ঘাসের দেশ নিরাপদ আশ্রয়।



উত্তর

| | |
|----|---|
| ১ | খ |
| ২ | ঘ |
| ৩ | ক |
| ৪ | গ |
| ৫ | ক |
| ৬ | খ |
| ৭ | ক |
| ৮ | গ |
| ৯ | খ |
| ১০ | খ |
| ১১ | খ |

১২. শুদ্ধ বানান কোনটি?

- (ক) নিরপরাধী (খ) দারিদ্র্যতা
(গ) স্বার্থকতা (ঘ) প্রাণিকুল

ব্যাখ্যা প্রাণিকুল বানানটি শুদ্ধ। 'নিরপরাধী' শব্দটির শুদ্ধ বানান নিরাপরাধ। 'দারিদ্র্যতা' শব্দটির শুদ্ধ বানান 'দারিদ্র্য'। স্বার্থকতার শুদ্ধ বানান হলো সার্থকতা।

১৩. 'গোবর গণেশ' বাগধারাটির অর্থ কী?

- (ক) অপদার্থ (খ) নিরেট মূর্খ
(গ) অত্যন্ত অলস (ঘ) অপটু

ব্যাখ্যা 'গোবর গণেশ' অর্থ নিরেট মূর্খ। এমন কাছাকাছি অর্থের কিছু বাগধারা পাওয়া যায় যেমন— অকাল কুম্বাণ্ড, আমড়া কাঠের ঢেঁকি, বুদ্ধির ঢেঁকি ইত্যাদি।

১৪. কোনগুলো দন্ত্যধ্বনি?

- (ক) ক খ গ ঘ (খ) প ফ ব ভ
(গ) ত থ দ ধ (ঘ) ট ঠ ড ঢ

ব্যাখ্যা ত থ দ ধ— দন্ত্যধ্বনি। এগুলো উচ্চারণকালে অর্ধভাগ ওপরের দাঁতের পাটির গোড়ার দিকে স্পর্শ করে।

১৫. কোনটি দেশি শব্দ?

- (ক) রিকশা (খ) চা
(গ) কিতাব (ঘ) কুলা

ব্যাখ্যা 'কুলা' দেশি শব্দ। এরূপ-গঞ্জ, চোড়া, টোপর, ডাব, ডাগর, ঢেঁকি। আর রিকশা, চা, কিতাব— বিদেশি শব্দ।

১৬. কোনটি ধ্বনি বিপর্যয়ের উদাহরণ?

- (ক) শরীল (খ) হংস > হাঁস
(গ) লাফ > ফাল (ঘ) দুর্গা > দুগুণা

ব্যাখ্যা লাফ > ফাল— ধ্বনি বিপর্যয়ের উদাহরণ। ধ্বনি বিপর্যয় হলো শব্দের মধ্যে দুটি ব্যঞ্জননের পরস্পর পরিবর্তন। যেমন— বাকস > বাসক, রিকশা > রিশকা, পিশাচ > পিচাশ।

১৭. 'পতাকা'-এর সমার্থক শব্দ কোনটি?

- (ক) কেতন (খ) মার্গ
(গ) নলিন (ঘ) ভাজন

ব্যাখ্যা পতাকা-এর সমার্থক শব্দ হলো 'কেতন'। এরূপ— ঝাঞ্জা, ধ্বজা, নিশান, বৈজয়ন্তী।

১৮. 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয়—

- (ক) নী + অন (খ) নে + অন
(গ) নৌ + অন (ঘ) নয়ন + ন

ব্যাখ্যা 'নয়ন' শব্দটির সঠিক প্রত্যয় নির্ণয়— নী + অন। এরূপ— অন প্রত্যয়ে গঠিত শব্দ— গমন (গম + অন), শয়ন (শী + অন), চরণ (চর + অন)।

১৯. বাক্যে বিশ্বয়সূচক (!) চিহ্ন থাকলে কতক্ষণ থামতে হয়?

- (ক) দুই সেকেন্ড (খ) এক সেকেন্ড
(গ) তিন সেকেন্ড (ঘ) চার সেকেন্ড

ব্যাখ্যা বাক্যে বিশ্বয়সূচক (!) চিহ্ন থাকলে 'এক সেকেন্ড' থামতে হয়। এরূপ— জিজ্ঞাসা চিহ্ন, কোলন, কোলন ডাস ও ডাস চিহ্নেও 'স' 'এক সেকেন্ড' থামতে হয়।

২০. 'অলীক'-এর বিপরীত শব্দ—

- (ক) বাস্তব (খ) কল্পনা
(গ) উন্নতি (ঘ) আয়ত্ত

ব্যাখ্যা 'অলীক'-এর বিপরীত শব্দ হলো 'বাস্তব'। অর্থাৎ কল্পনা আর 'অলীক'-এর প্রতিশব্দ হলো কল্পনা, মিথ্যা।

২১. 'পড়ায় আমার মন বসে না'— এখানে 'পড়ায়' কোন কারকে কোন বিভক্তি?

- (ক) কর্ম কারকে ৭মী বিভক্তি
(খ) অধিকরণ কারকে ৭মী বিভক্তি
(গ) অপাদান কারকে ৭মী বিভক্তি
(ঘ) করণ কারকে ৭মী বিভক্তি

ব্যাখ্যা 'পড়ায় আমার মন বসে না'— এখানে 'পড়ায়' কর্ম কারকে ৭মী বিভক্তি। কিসে প্রশ্ন করলে 'পড়া' পাওয়া যায় যেহেতু এটি কর্মকারক।

২২. কোনটি দ্বিগু সমাস?

- (ক) সগুহ (খ) পরিভ্রমণ
(গ) আমরণ (ঘ) মনগড়া

ব্যাখ্যা 'সগুহ' দ্বিগু সমাস। সমাহার (সমষ্টি) বা মিলন অর্থ সংখ্যাবাচক শব্দের সঙ্গে বিশেষ্য পদের যে সমাস হয় তাই দ্বিগু সমাস। 'সগুহ' বিশ্লেষণ করলে পাই—সগু অহের সমাহার।

২৩. 'নদী'-এর সমার্থক শব্দ কোনটি?

- (ক) সরিৎ (খ) নগ
(গ) গিরি (ঘ) বিহগ

ব্যাখ্যা 'নদী'-এর সমার্থক শব্দ 'সরিৎ'। এরূপ তটিনী, স্রোতস্বতী, স্রোতস্বিনী। নগ বা গিরি অর্থ পাহাড়। আর বিহগ অর্থ বিহঙ্গ বা পাখি।

২৪. 'নাদ' শব্দের অর্থ কী?

- (ক) মেঘের ডাক (খ) বাঘের ডাক
(গ) সিংহের ডাক (ঘ) ময়ূরের ডাক

ব্যাখ্যা 'নাদ' শব্দের অর্থ সিংহের ডাক'। এছাড়া— ময়ূরের ডাক— কেকা। বাঘের ডাক— হংকার।

২৫. অনুবাদ কত প্রকার?

- (ক) ২ প্রকার (খ) ৩ প্রকার
(গ) ৪ প্রকার (ঘ) ৫ প্রকার

ব্যাখ্যা অনুবাদ ২ প্রকার। যেমন— আক্ষরিক অনুবাদ আর ভাবানুবাদ।



উত্তর

১২ খ

১৩ খ

১৪ গ

১৫ ঘ

১৬ গ

১৭ ক

১৮ ক

১৯ খ

২০ ক

২১ ক

২২ ক

২৩ ক

২৪ গ

২৫ ক

২৬. What is the plural of 'Magus'?

- ক) Magus খ) Maguses
গ) Magux ঘ) Magi

ত্যাখ্যা Magus (n)—পুরোহিত এবং Plural number বা বহুবচন হচ্ছে Magi যার অর্থ পুরোহিত মণ্ডলী।

২৭. What is the verb form of 'Power'?

- ক) Powerful খ) Powerfully
গ) Enpower ঘ) Empower

ত্যাখ্যা Power (n) অর্থ শক্তি, ক্ষমতা। শব্দটির verb form হচ্ছে empower (কাউকে শক্তি বা ক্ষমতা প্রদান করা); powerful (শক্তিশালী) এবং powerfully জোরে বা প্রবলভাবে) শব্দ দুটি যথাক্রমে adjective এবং adverb।

২৮. Find out the correct sentence—

- ক) He insisted on my going to cinema.
খ) He insisted me to go to cinema.
গ) He insisted in my going to cinema.
ঘ) He insisted for my going to cinema.

ত্যাখ্যা Insist (v) পীড়াপীড়ি/ জোর করা। কাউকে কোনো কিছু করার ওপর জোর দেয়া বা পীড়াপীড়ি করা অর্থ insist এর preposition হিসেবে on বসে।

২৯. Which one is the correct passive form of the sentence— 'He satisfied everybody'?

- ক) Everybody has been satisfied by him.
খ) Everybody was satisfied by him.
গ) Everybody was satisfied with him.
ঘ) Everybody would be satisfied at him.

ত্যাখ্যা Passive voice কে Passive করার নিয়ম object + subject হবে, subject- এর number, person, tense অনুযায়ী verb হবে verb এর Past Participle হবে, by এবং object হবে। প্রদত্ত বাক্যের Passive voice এর Passive form— Every body + was + satisfied with him.

৩০. What is the synonym of the word "Repress"?

- ক) Control খ) Represent
গ) Republish ঘ) Repute

ত্যাখ্যা Repress (v)—দমিয়ে রাখা/চেপে রাখা। Control (v)—দমন করা/নিয়ন্ত্রণ করা; Represent(v)—প্রতিনিধিত্ব করা; Republish (v)—পুনর্মুদ্রণ এবং Repute (v)—সকলের বিবেচনায় অথবা ধারণায় কোনো কিছু হওয়া। অর্থের বিবেচনায় সঠিক উত্তর (ক)।

৩১. He talks as though—

- ক) he was a child খ) he is a child
গ) he has been a child ঘ) he were a child

ত্যাখ্যা As if/As though এর প্রথম অংশে Present Indefinite tense থাকলে পরের অংশে Past Indefinite tense হয়। তবে এক্ষেত্রে be verb-টি সর্বদা were হবে। আর প্রথম অংশে Past Indefinite tense থাকলে পরের অংশে Past Perfect tense হয়।

৩২. What is the antonym of the word 'Compulsory'?

- ক) Mandatory খ) Obligatory
গ) Voluntary ঘ) Complimentary

ত্যাখ্যা Compulsory (adj)—অর্থ বাধ্যতামূলক। Mandatory এবং obligatory শব্দ দুটি Compulsory-এর synonym। Complimentary (adj)—প্রশংসা বা শ্রদ্ধাঞ্জলিপক। Voluntary (adj)—স্বেচ্ছাপ্রণোদিত/স্বতঃস্ফূর্ত যা প্রদত্ত শব্দটির বিপরীত বা antonym।

৩৩. What is the noun of the word 'Confess'?

- ক) Confession খ) Confess
গ) Confusion ঘ) Confessionably

ত্যাখ্যা Confess (v)— স্বীকার করা/অপরাধ বা পাপের স্বীকারোক্তি দেয়া এবং এ শব্দটির Noun form হচ্ছে— Confession যার অর্থ স্বীকারোক্তি/অপরাধ স্বীকার। অন্যদিকে Confusion (n)—বিশৃঙ্খলা/বিভ্রান্তি আর Confessionably বলে dictionary তে কোনো শব্দ নেই।

৩৪. 'সকাল থেকে গুঁড়ি গুঁড়ি বৃষ্টি হচ্ছে'— the correct translation of this sentence is—

- ক) It is raining since morning.
খ) It has been being raining since morning.
গ) It has been raining for morning.
ঘ) It has been raining since morning.

ত্যাখ্যা Drizzle (v) অর্থ গুঁড়ি গুঁড়ি বা খুব হালকাভাবে বৃষ্টি হওয়া। প্রদত্ত বাক্যটির সঠিক translation—টি হবে 'It has been drizzling since morning। সঠিক option না থাকায় বিকল্প উত্তর হিসেবে (ঘ) সঠিক।

৩৫. 'Black and blue' means—

- ক) mercifully খ) mercilessly
গ) sympathetically ঘ) hopefully

ত্যাখ্যা Black and blue— বেদম প্রহার বা to beat mercilessly। অন্যদিকে mercifully (adj) করুণার সাথে/দয়ার সাথে; sympathetically (adv) সহানুভূতির সাথে এবং hopefully (adv)—আশাহীনরূপে।

৩৬. 'He acted on my advice'— complex form of this sentence is—

- ক) I advised him and he acted.
খ) I advised him that he acted.
গ) He acted according to my advice.
ঘ) He acted as I advised him.



| | |
|----|---|
| ২৬ | ঘ |
| ২৭ | ঘ |
| ২৮ | ক |
| ২৯ | গ |
| ৩০ | ক |
| ৩১ | ঘ |
| ৩২ | গ |
| ৩৩ | ক |
| ৩৪ | ঘ |
| ৩৫ | খ |
| ৩৬ | ঘ |

ব্যখ্যা He acted on my advice বাক্যটি একটি simple sentence । Complex sentence— এ সাধারণত একটি principle clause এবং এক বা একাধিক subordinate clause থাকে । Complex sentence-এর clause গুলো as, since, because, if, till, although ইত্যাদি দ্বারা যুক্ত থাকে । সঠিক উত্তর (ঘ) ।

৩৭. The word 'Lunar' is related to—

- (ক) Moon (খ) Sun
(গ) Earth (ঘ) Mars

ব্যখ্যা Lunar অর্থ চন্দ্রসংক্রান্ত । উল্লেখ্য Moon— চাঁদ; Sun— সূর্য; Earth— পৃথিবী এবং Mars— মঙ্গলগ্রহ ।

৩৮. 'Maiden speech' means—

- (ক) a speech by a woman
(খ) the main speech
(গ) the first speech
(ঘ) the last speech

ব্যখ্যা Maiden speech অর্থ প্রথম বক্তৃতা বা The first speech ।

৩৯. The girl was reclining— the couch.

- (ক) on (খ) by
(গ) in (ঘ) to

ব্যখ্যা Recline (v)—হেলান দেয়া বা সটান হয়ে শুয়ে পড়া এবং এ শব্দটির সাথে Preposition 'on' বসে ।

৪০. Choose the correct sentence :

- (ক) If he works hard, he succeeds.
(খ) If he works hard, he will succeed.
(গ) If he would work hard, he succeeded.
(ঘ) If he worked hard, he succeeded.

ব্যখ্যা First conditional-এর structure-টি হচ্ছে—If + Present tense এবং পরবর্তী clause-টি Future Indefinite tense-এ হবে । সূত্রাং সঠিক answer (খ) ।

৪১. He went to bed after—

- (ক) he will learn his lessons.
(খ) he would learn his lessons
(গ) he learns his lessons.
(ঘ) he had learnt his lessons.

ব্যখ্যা Past Perfect tense—এ দুটি কাজের উল্লেখ থাকে এবং before অথবা after ব্যবহৃত হয় । Before-এর আগে Past Perfect অর্থাৎ sub + had + v3 এবং পরে Past Indefinite অর্থাৎ Sub + v2 ব্যবহৃত হয় । আর after থাকলে নিয়মটি সম্পূর্ণ উল্টে যাবে অর্থাৎ প্রথমে Past Indefinite এবং পরে Past Perfect tense হবে ।

৪২. 'A bolt from the blue' means—

- (ক) An unexpected reward
(খ) An unexpected calamity
(গ) An unexpected blue colour
(ঘ) An expected person of blue wear

ব্যখ্যা A bolt from the blue (বিনা মেঘে বজ্রপাত) বা অনাকাঙ্ক্ষিত বিপদ । সঠিক উত্তর (খ) ।

৪৩. The antonym of the word 'Benign' is—

- (ক) Beginning (খ) Peaceful
(গ) Blessed (ঘ) Malignant

ব্যখ্যা Benign (adj)—সদয়/নয়/শান্ত/অনুকূল ইত্যাদি । অন্যদিকে Beginning— শুরু; Peaceful— শান্তিপূর্ণ এবং blessed অর্থ 'পবিত্র বা মহিমাম্বিত, Malignant (adj)— ক্ষতিকর বা অপকারী । সঠিক Answer—(ঘ) ।

৪৪. "তাকে তিরস্কার করা হয়েছিল"— এর শুদ্ধ ইংরেজি—

- (ক) He was dishonoured.
(খ) He was brought to brim.
(গ) He was brought to book.
(ঘ) He was punished.

ব্যখ্যা Bring to book অর্থ তিরস্কার করা । সঠিক উত্তর (গ) ।

৪৫. We helped him— the work.

- (ক) to finish (খ) finishing
(গ) in finishing (ঘ) finish

ব্যখ্যা Help verb-টির infinitive এবং bare infinitive দুটিই ব্যবহার করা যায় । তাই সঠিক উত্তর (ক) এবং (ঘ) ।

৪৬. He fought— to defeat the enemy.

- (ক) tooth and nail (খ) set out
(গ) to and fro (ঘ) to the quick

ব্যখ্যা Tooth and nail— যথাসাধ্য প্রবলভাবে চেষ্টা করা । উল্লেখ্য set out অর্থ সুন্দরভাবে সাজানো; to and fro—এদিক-ওদিক; to the quick—একটি অসম্পূর্ণ phrase । সঠিক answer—(ক) ।

৪৭. Had I been a king, I—

- (ক) had helped the poor.
(খ) would have helped the poor
(গ) have helped the poor.
(ঘ) helped the poor

ব্যখ্যা Third conditional-এর structure হচ্ছে প্রথমে Past Perfect tense থাকলে, পরে Subject + Would/Could/might + have + v3 ব্যবহৃত হবে । সঠিক উত্তর (খ) ।



| | |
|----|------|
| ৩৭ | ক |
| ৩৮ | গ |
| ৩৯ | ক |
| ৪০ | খ |
| ৪১ | ঘ |
| ৪২ | খ |
| ৪৩ | ঘ |
| ৪৪ | গ |
| ৪৫ | ক, ঘ |
| ৪৬ | ক |
| ৪৭ | খ |

8৮. Choose the correct synonym for 'Extempore'.—

- ক) Planned খ) Improvise
গ) Immediate ঘ) Impromptu

ব্যাখ্যা Extempore অর্থ পূর্বচিন্তা বা পূর্বপ্রস্তুতি ছাড়া। যার synonym বা সমার্থক শব্দ হচ্ছে Impromptu। উল্লেখ্য, planned—পরিকল্পিত; Improvise—প্রয়োজনের সময়ে হাতের কাছে যা পাওয়া যায় তাই দিয়ে কিছু করা; Immediate—তাত্ক্ষণিক।

8৯. When you make a promise, you must not go — on it.

- ক) by খ) around
গ) back ঘ) along

ব্যাখ্যা Go back on—একটি Phrasal verb যার অর্থ খেলাপ করা। Go along— মেনে নেয়া; Go by— পরিচিত হওয়া এবং Go around—চক্রাকারে ঘোরা/যেতে থাকা। সঠিক উত্তর (গ)।

৯০. What type of man is quite the opposite type of 'Supercilious'?

- ক) Affable খ) Haughty
গ) Disdainful ঘ) Wicked

ব্যাখ্যা Supercilious (adj)—অবজ্ঞামিশ্রিত, উচকপালে এবং এ শব্দটির opposite বা বিপরীত শব্দ Affable (adj)— অমায়িক, শিষ্টাচারী ও বন্ধুত্ববাপন। উল্লেখ্য, Haughty—অহংকারী; Disdainful—ঘৃণ্য এবং Wicked—মন্দ/অসৎপাজি।

৯১. $1 + 5 + 9 + \dots + 81 = ?$


- ক) 21 খ) 861
গ) 840 ঘ) 860

ব্যাখ্যা $1 + 5 + 9 + \dots + 81$
ধারাটির, n -তম পদ $= a + (n - 1)d$
 $\Rightarrow 81 = 1 + (n - 1)4$
 $\Rightarrow 81 = 1 + n - 4$
 $\Rightarrow 4n = 84$
 $\therefore n = 21$
 \therefore সমষ্টি $= \frac{21}{2} \{2.1 + (21 - 1)4\}$
 $= \frac{21}{2} (2 + 80)$
 $= 21 \times 41$
 $= 861$

৯২. বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু হতে কয়টি স্পর্শক আঁকা যায়?

- ক) ১টি খ) ২টি
গ) ৩টি ঘ) ৪টি

ব্যাখ্যা



বৃত্তের বহিঃস্থ কোনো বিন্দু থেকে ২টি স্পর্শক আঁকা যায়।

৯৩. সে. মি. এককে নিচের কোন বাহুগুলোর দ্বারা সমকোণী ত্রিভুজ গঠন অসম্ভব?

- ক) 3, 4, 5 খ) 6, 8, 10
গ) 2, 4, 8 ঘ) 5, 12, 13

ব্যাখ্যা $3^2 + 4^2 = 5^2$ সমকোণী ত্রিভুজ গঠন সম্ভব
 $6^2 + 8^2 = 10^2$
 $2^2 + 4^2 \neq 8^2$ " সম্ভব নয়
 $5^2 + 12^2 = 13^2$ " সম্ভব

৯৪. একটি সরলরেখার উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের উপর অঙ্কিত বর্গের ক্ষেত্রফলের কতগুণ?

- ক) ২ খ) ৪
গ) ৮ ঘ) ১৬

ব্যাখ্যা একটি সরলরেখার ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ক্ষেত্রফল ঐ সরলরেখার এক-চতুর্থাংশের ওপর অঙ্কিত বর্গক্ষেত্রের ১৬ গুণ।

৯৫. বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে কী বলে?

- ক) ব্যাস খ) ব্যাসার্ধ
গ) বৃত্তচাপ ঘ) পরিধি

ব্যাখ্যা বৃত্তের কেন্দ্র ছেদকারী জ্যাকে ব্যাস বলে। কেন্দ্র থেকে পরিধি পর্যন্ত দূরত্বকে ব্যাসার্ধ বলে।

৯৬. নিচের কোনটি মৌলিক সংখ্যা?

- ক) 51 খ) 59
গ) 63 ঘ) 87

ব্যাখ্যা 59 সংখ্যাটি 2, 3, 5, ও 7 দ্বারা বিভাজ্য নয়। সুতরাং সংখ্যাটি অন্য কোনো সংখ্যা দ্বারাও বিভাজ্য নয়। অতএব 59 মৌলিক সংখ্যা।

৯৭. $5^x + 5^x + 5^x + 5^x + 5^x =$ কত?

- ক) 25^x খ) 5^{x+1}
গ) 5^{5x} ঘ) 25^x

ব্যাখ্যা $5^x + 5^x + 5^x + 5^x + 5^x$
 $= 5 \times 5^x$
 $= 5^{1+x} = 5^{x+1}$

৯৮. $\log_2 \left(\frac{1}{64} \right)$ -এর মান কত?

- ক) -6 খ) 6
গ) $-\frac{1}{6}$ ঘ) $\frac{1}{6}$



উত্তর

৪৮ ঘ

৪৯ গ

৫০ ক

৫১ খ

৫২ খ

৫৩ গ

৫৪ ঘ

৫৫ ক

৫৬ খ

৫৭ খ

৫৮ ক

ত্র্যখ্যা $\log_2\left(\frac{1}{64}\right)$
 $= \log_2 2^{-6}$
 $= -6 \times \log_2 2$
 $= -6 [\because \log_2 2 = 1]$

৫৯. যদি $x^2 + \frac{1}{x^2} = 38$ হয়, তবে $x - \frac{1}{x} = ?$

- (ক) ± 40 (খ) ± 6
 (গ) ± 7 (ঘ) ± 5

ত্র্যখ্যা $x^2 + \frac{1}{x^2} = 38$

$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 + 2 \cdot x \cdot \frac{1}{x} = 38$$

$$\Rightarrow \left(x - \frac{1}{x}\right)^2 = 36$$

$$\therefore x - \frac{1}{x} = \pm 6$$

৬০. কোনো পরীক্ষায় পরীক্ষার্থীর ৮০% গণিতে এবং ৭০% বাংলায় পাস করল। উভয় বিষয়ে পাস করল ৬০%। উভয় বিষয়ে শতকরা কতজন ফেল করল?

- (ক) ৩০% (খ) ২০%
 (গ) ১৫% (ঘ) ১০%

ত্র্যখ্যা $F = T - (M + B - (M \cap B))$
 $= 100\% - \{80\% + 90\% - 60\%\}$
 $= 100\% - 70\%$
 $= 30\%$

৬১. যদি সেল ফোনের পূর্বের কলরেট ও বর্তমান কলরেটের অনুপাত ৫ : ৩ হয়, তবে পূর্বের কলরেটের তুলনায় বর্তমান কলরেট শতকরা কত হ্রাস পেয়েছে?

- (ক) ৩০% (খ) ৩৫%
 (গ) ৪০% (ঘ) ৪৫%

ত্র্যখ্যা কলরেট হ্রাস পেয়েছে $\left(\frac{2}{5} \times 100\right)\% = 40\%$

৬২. এক ব্যক্তি ২৪০ টাকায় কতগুলো পেন্সিল কিনে দেখল যে, যদি সে একটি পেন্সিল বেশি পেত তাহলে প্রতিটি পেন্সিলের মূল্য ১ টাকা কম হতো। ঐ ব্যক্তি কতটি পেন্সিল কিনেছিল?

- (ক) ১৩টি (খ) ১৪টি
 (গ) ১৫টি (ঘ) ১৬টি

ত্র্যখ্যা ধরি, ঐ ব্যক্তি x টি পেন্সিল কিনেছিল।

$$\therefore \frac{240}{x} - \frac{240}{x+1} = 1$$

$$\Rightarrow \frac{240x + 240 - 240x}{x(x+1)} = 1$$

$$\Rightarrow x^2 + x - 240 = 0$$

$$\Rightarrow x^2 + 16x - 15x - 240 = 0$$

$$\Rightarrow x(x+16) - 15(x+16) = 0$$

$$\Rightarrow (x+16)(x-15) = 0$$

$$\therefore x = -16 \text{ [গ্রহণযোগ্য নয়]} \text{ এবং } x = 15$$

১৫ টি পেন্সিল কিনেছিল।

৬৩. একই সুদে ৫০০ টাকায় ৪ বছরের সুদ এবং ৬০০ টাকায় ৫ বছরের সুদ একত্রে ৪০০ টাকা হলে সুদের হার কত?

- (ক) ১২% (খ) ১০%
 (গ) ৮% (ঘ) ৬%

ত্র্যখ্যা ধরি, সুদের হার r

$$\therefore 500 \times 4 \times \frac{r}{100} + 600 \times 5 \times \frac{r}{100} = 400$$

$$\Rightarrow 20r + 30r = 400$$

$$\Rightarrow 50r = 400$$

$$r = 8$$

৬৪. একটি বই ১০% ক্ষতিতে বিক্রয় করা হলো। বিক্রয়মূল্য ৪৫ টাকা বেশি হলে ৫% লাভ হয়। বইটির ক্রয়মূল্য কত?

- (ক) ২০০ টাকা (খ) ২৫০ টাকা
 (গ) ৩০০ টাকা (ঘ) ৩৫০ টাকা

ত্র্যখ্যা $\text{ক্রয়মূল্য} = \frac{\text{বেশি বিক্রয়মূল্য} \times 100}{\text{ক্ষতির\%} + \text{লাভের\%}}$
 $= \frac{85 \times 100}{10 + 5}$
 $= \frac{85 \times 100}{15}$
 $= 300$

৬৫. একটি বাঁশের $\frac{1}{8}$ অংশ কাদায়, $\frac{3}{8}$ অংশ পানিতে এবং ৩ মিটার পানির উপরে আছে। বাঁশটির সম্পূর্ণ দৈর্ঘ্য কত?

- (ক) ২০ মি. (খ) ১৬ মি.
 (গ) ১৫ মি. (ঘ) ১২ মি.

ত্র্যখ্যা ধরি, সম্পূর্ণ দৈর্ঘ্য x মি.

$$\therefore x - \left(\frac{x}{8} + \frac{3x}{8}\right) = 3$$

$$\Rightarrow x - \frac{4x + 3x}{8} = 3$$

$$\Rightarrow \frac{3x}{8} = 3$$

$$\Rightarrow x = \frac{20 \times 3}{3}$$

$$\Rightarrow x = 20$$

৬৬. বিশেষ ক্রমানুযায়ী সাজানো ২, ৩, ৫, ৯, ১৭, ধারাটির পরবর্তী সংখ্যা কত?

- (ক) ৬৫ (খ) ৪৫
 (গ) ৩৩ (ঘ) ২৬



| | |
|----|---|
| ৫৯ | খ |
| ৬০ | ঘ |
| ৬১ | গ |
| ৬২ | গ |
| ৬৩ | গ |
| ৬৪ | গ |
| ৬৫ | ক |
| ৬৬ | গ |

ব্যাখ্যা ধারা : ২৩৫৯১৭৩৩

অন্তর : ১২৪৮১৬

পরবর্তী সংখ্যা = ১৭ + ১৬ = ৩৩

৬৭. ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা ও চার অংকের বৃহত্তম সংখ্যার অন্তর কত?

- (ক) ০ (খ) ১
(গ) ৯০০০০ (ঘ) ৯০০০১

ব্যাখ্যা ছয় অংকের ক্ষুদ্রতম সংখ্যা ১০০০০০

চার .. বৃহত্তম .. ৯৯৯৯

অন্তর = ৯০০০১

৬৮. ১ থেকে ৪৯ পর্যন্ত ত্রিমিক সংখ্যার গড় কত?

- (ক) ৫০ (খ) ২৫
(গ) ২৩ (ঘ) ২২

ব্যাখ্যা গড় = $\frac{(৪৯+১) \times ৫০}{২ \times ৫০} = ২৫$

৬৯. একটি ধনাত্মক সংখ্যার দ্বিগুণের বর্গের সাথে ১৫ যোগ করলে ৪১৫ হয়। সংখ্যাটি কত?

- (ক) ১০ (খ) ১১
(গ) ১৫ (ঘ) ২০

ব্যাখ্যা ধরি, সংখ্যাটি x

$$\therefore (2x)^2 + 15 = 415$$

$$\Rightarrow 4x^2 = 400$$

$$\Rightarrow x^2 = 100$$

$$\therefore x = 10$$

৭০. একটি আয়তাকার ঘরের দৈর্ঘ্য প্রস্থের দেড়গুণ, এর ক্ষেত্রফল ৩৪৪ বর্গমিটার হলে পরিসীমা কত?

- (ক) ৭০ মিটার (খ) ৪০ মিটার
(গ) ৯০ মিটার (ঘ) ৯৬ মিটার

ব্যাখ্যা ধরি, প্রস্থ x মি.

$$\text{দৈর্ঘ্য } x \times 1 \frac{1}{2} \text{ বা } \frac{3x}{2} \text{ মি.}$$

$$\therefore x \times \frac{3x}{2} = 344$$

$$\Rightarrow x^2 = \frac{344 \times 2}{3}$$

$$\Rightarrow x^2 = 256$$


$$\therefore x = 16$$

$$\text{পরিসীমা} = 2 \left(16 + \frac{3 \times 16}{2} \right) \text{ মি.} = 80 \text{ মি.}$$

৭১. ১৮ ফুট উঁচু একটি গাছ এমনভাবে ভেঙ্গে গেল যে, ভাঙ্গা অংশটি বিচ্ছিন্ন না হয়ে ভূমির সাথে ৩০° কোণ উৎপন্ন করল। গাছটি মাটি থেকে কত উঁচুতে ভেঙ্গেছিল?

- (ক) ১৫ ফুট (খ) ১২ ফুট
(গ) ৯ ফুট (ঘ) ৬ ফুট

ব্যাখ্যা



ধরি, গাছটি x উচ্চতায় ভেঙ্গেছিল।

$$\therefore \sin 30^\circ = \frac{x}{18-x}$$

$$\Rightarrow \frac{1}{2} = \frac{x}{18-x}$$

$$\Rightarrow 2x = 18 - x$$


$$\Rightarrow 3x = 18$$

$$\therefore x = 6$$

৭২. একটি সমদ্বিবাহু ত্রিভুজের সমান বাহুদ্বয়ের প্রত্যেকটির দৈর্ঘ্য ১০ সে.মি. এবং বাহুদ্বয়ের অন্তর্ভুক্ত কোণ ৪৫° হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সে. মি.?

- (ক) ২৫ (খ) $25\sqrt{2}$
(গ) ৩০ (ঘ) $25\sqrt{5}$

ব্যাখ্যা



$$\text{যে কোনো ত্রিভুজের ক্ষেত্রফল} = \frac{1}{2} ab \sin C = \frac{1}{2} bc \sin A = \frac{1}{2} ca \sin B$$

$$\text{যেখানে } a, b \text{ ও } c \text{ যথাক্রমে } A, B \text{ ও } C \text{ কোণের বিপরীত বাহু।}$$

$$\text{ক্ষেত্রফল} = \frac{1}{2} \times 10 \times 10 \times \sin 45^\circ \text{ বর্গ সেমি}$$

$$= 50 \times \frac{1}{\sqrt{2}} \text{ বর্গ সেমি} = 25\sqrt{2} \text{ বর্গ সেমি}$$

৭৩. ৩ cm, ৪ cm এবং ৫ cm ব্যাসার্ধবিশিষ্ট তিনটি গোলক গলিয়ে একটি গোলক তৈরি করা হলে গোলকের ব্যাসার্ধ কত?

- (ক) ৫ cm (খ) ৬ cm
(গ) ৭ cm (ঘ) ৮ cm

ব্যাখ্যা নতুন গোলকের ব্যাসার্ধ

$$= \sqrt[3]{3^3 + 4^3 + 5^3} \text{ cm} = \sqrt[3]{216} \text{ cm}$$

$$= \sqrt[3]{6^3} \text{ cm} = 6 \text{ cm}$$



৬৭ ঘ

৬৮ ঙ

৬৯ ঞ

৭০ ঠ

৭১ ঠ

৭২ ঠ

৭৩ ঠ

৭৪. একটি বর্গের কর্ণের দৈর্ঘ্য $4\sqrt{2}$ একক হলে ঐ বর্গের ক্ষেত্রফল কত?
 (ক) 16 বর্গ একক (খ) 32 বর্গ একক
 (গ) 8 বর্গ একক (ঘ) $16\sqrt{2}$ বর্গ একক

ত্যাগ্য বর্গের বাহু a হলে কর্ণের দৈর্ঘ্য $a\sqrt{2}$

$$\therefore a = 4$$

$$\Rightarrow a^2 = 16$$

$$\therefore a^2 = 16$$

ক্ষেত্রফল 16 বর্গ একক

৭৫. দুটি সন্নিহিত কোণের সমষ্টি 180° হলে একটিকে অপরটির কী কোণ বলে?
 (ক) সন্নিহিত কোণ (খ) সমকোণ
 (গ) পূরক কোণ (ঘ) সম্পূরক কোণ

ত্যাগ্য দুটি সন্নিহিত কোণের সমষ্টি 180° হলে একটিকে অপরটির সম্পূরক কোণ বলা হয়।

৭৬. সোমপুর বিহার কে প্রতিষ্ঠা করেন?
 (ক) দেবপাল (খ) ধর্মপাল
 (গ) শশাংক (ঘ) রাজা গোপাল

ত্যাগ্য পাহাড়পুর বা সোমপুর বিহার প্রতিষ্ঠা করেন ধর্মপাল। এ বিহারটি ৮-৯ শতকে নির্মিত হয়। এ বিহারটি নওগাঁর বদলগাছিতে অবস্থিত।

৭৭. লর্ড রিপন কর্তৃক গঠিত শিক্ষা কমিশনের নাম কি?
 (ক) রিপন কমিশন (খ) হান্টার কমিশন
 (গ) নাথান কমিশন (ঘ) লর্ড কমিশন

ত্যাগ্য লর্ড রিপন কর্তৃক গঠিত কমিশনের নাম 'হান্টার কমিশন'। হান্টার কমিশনের সুপারিশের ভিত্তিতে জেলা স্কুল প্রতিষ্ঠিত হয়। ঢাকা বিশ্ববিদ্যালয়ের জন্য গঠিত কমিশনের নাম নাথান কমিশন।

৭৮. 'পারকী' সমুদ্র সৈকত কোথায় অবস্থিত?

- (ক) চট্টগ্রাম (খ) কক্সবাজার
 (গ) বরগুনা (ঘ) পটুয়াখালী

ত্যাগ্য পতেঙ্গা ও পারকী সমুদ্র সৈকত চট্টগ্রামে অবস্থিত। ইনানী, লাবনী, হিমছড়ি টেকনাফ সমুদ্র সৈকত কক্সবাজারে অবস্থিত। কুয়াকাটা সমুদ্র সৈকত পটুয়াখালী জেলায় অবস্থিত।

৭৯. বাংলা ভাষাকে বাংলাদেশ ব্যতীত যে দেশের রাষ্ট্রভাষা করা হয়েছে?

- (ক) সোমালিয়া (খ) নেপাল
 (গ) সিয়েরালিওন (ঘ) লিবিয়া

ত্যাগ্য বাংলাদেশ ব্যতীত বাংলা ভাষা সিয়েরা লিওনের রাষ্ট্রভাষা। নেপালের ভাষার নাম নেপালি। লিবিয়ার ভাষার নাম আরবি। সোমালিয়ার ভাষার নাম আরবি ও সোমালি।

৮০. বঙ্গবন্ধু ৬-দফা দাবি পেশ করেন কত সালে?

- (ক) ১৯৪৭ (খ) ১৯৫২
 (গ) ১৯৬৬ (ঘ) ১৯৭১

ত্যাগ্য ৫ ফেব্রুয়ারি ১৯৬৬ লাহোর বিরোধী দলসমূহের জাতীয় সম্মেলনের বিষয় নির্বাচনী কমিটিতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান 'ছয় দফা' ঘোষণা করেন। ১৮ মার্চ ১৯৬৬ আওয়ামী লীগের কাউন্সিল অধিবেশনে ছয় দফা গৃহীত হয়।

৮১. ১৯৪৮ সালে পাকিস্তান পরিষদে কে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন?

- (ক) ধীরেন্দ্রনাথ দত্ত
 (খ) আবুল কাশেম
 (গ) মাওলানা ভাসানী
 (ঘ) যোগেশচন্দ্র ঘোষ

ত্যাগ্য ২৩ ফেব্রুয়ারি ১৯৪৮ সালে পাকিস্তান পরিষদে বাংলা ভাষাকে গণপরিষদের অন্যতম ভাষা হিসেবে ব্যবহারের প্রস্তাব রাখেন ধীরেন্দ্রনাথ দত্ত। তিনি ১৯৪৬ সালে কংগ্রেসের প্রার্থী হিসেবে বঙ্গীয় বিধানসভার সদস্য নির্বাচিত হন।

৮২. সম্প্রতি সুন্দরবন এলাকায় কোন নদীতে কয়লাবাহী কার্গো ডুবে যায়?

- (ক) তিস্তা (খ) ভৈরব
 (গ) শ্যালা (ঘ) মধুমতি

ত্যাগ্য পূর্ব সুন্দরবনের চাঁদপাই রেঞ্জের শ্যালা নদীর মৃগমারী (মংলা) এলাকায় 'সাঁউদার্ন স্টার সেভেন' নামক একটি তেলবাহী জাহাজের তলা ফেটে একটি তেলবাহী ট্যাংকার ডুবির ঘটনা ঘটে। এ ট্যাংকারে সাড়ে তিন লাখ লিটার জ্বালানি তেল ছিল। এ দুর্ঘটনার জন্য বিলুপ্ত প্রায় ইরাবর্তী ডলফিন ও ম্যানগ্রোভ সুন্দরবনের জীববৈচিত্র্য বিনষ্ট হবে।

৮৩. উয়ারি-বটেশ্বর প্রত্নতাত্ত্বিক নিদর্শন কোন জেলায় পাওয়া গিয়েছে?

- (ক) গাজীপুর
 (খ) নরসিংদী
 (গ) শেরপুর
 (ঘ) ময়মনসিংহ

ত্যাগ্য উয়ারি-বটেশ্বর বাংলাদেশের ঢাকা থেকে ৭০ কিমি উত্তর-পূর্বে নরসিংদীর বেলাব উপজেলায় অবস্থিত একটি প্রত্নতাত্ত্বিক স্থান। মাটির নিচে অবস্থিত একটি দুর্গ-নগরী। বিশেষজ্ঞদের ধারণা অনুযায়ী এটি প্রায় আড়াই হাজার বছরের পুরানো। তবে ২০০০ খ্রিষ্টাব্দে আবিষ্কৃত কিছু প্রত্ন নিদর্শনের কার্বন-১৪ পরীক্ষার প্রেক্ষিতে উয়ারীর বসতিকে খ্রিষ্টপূর্ব ৪৫০ অব্দের বলে নিশ্চিত করা হয়েছে।



উত্তর

৭৪ ক

৭৫ ঘ

৭৬ খ

৭৭ খ

৭৮ ক

৭৯ গ

৮০ গ

৮১ ক

৮২ গ

৮৩ খ

৮৪. সূর্য হতে পৃথিবীতে আলো এসে পৌঁছাতে সময় লাগে
প্রায়—

- ক) ৭ মিনিট খ) ৮ মিনিট
গ) ৯ মিনিট ঘ) ১০ মিনিট

ব্যাখ্যা সূর্য পৃথিবীর নিকটতম নক্ষত্র। পৃথিবী সূর্যের একটি উপগ্রহ। সূর্য থেকে পৃথিবীতে আলো আসতে সময় লাগে ৮ মিনিট ১৯ সেকেন্ড।

৮৫. বীরবিক্রম খেতাবপ্রাপ্ত মুক্তিযোদ্ধাদের সংখ্যা কত?

- ক) ৬৭৬ জন খ) ৬৮ জন
গ) ১৭৫ জন ঘ) ৪২৬ জন

ব্যাখ্যা বাংলাদেশে সর্বোচ্চ বীরত্ব খেতাব বীরশ্রেষ্ঠ। মুক্তিযুদ্ধে খেতাবপ্রাপ্ত যোদ্ধার সংখ্যার ৬৭৬ জন। তাদের মধ্যে বীরশ্রেষ্ঠ ৭ জন, বীর উত্তম ৬৮ জন, বীর বিক্রম ১৭৫ জন ও বীর প্রতীক ৪২৬ জন।

৮৬. বাংলাদেশের 'জাতীয় গ্রন্থাগার' কোথায় অবস্থিত?

- ক) শাহবাগে খ) গুলিস্থানে
গ) আগারগাঁও ঘ) উত্তরায়

ব্যাখ্যা 'সেন্ট্রাল পাবলিক লাইব্রেরি' ঢাকার শাহবাগে অবস্থিত। 'জাতীয় গ্রন্থকেন্দ্র' অবস্থিত ঢাকার গুলিস্থানে। 'জাতীয় গ্রন্থাগার' ঢাকার আগারগাঁও অবস্থিত।

৮৭. বাংলাদেশ সরকারের প্রধান আইন কর্মকর্তা হলেন—

- ক) আইনমন্ত্রী খ) এটর্নি জেনারেল
গ) প্রধান বিচারপতি ঘ) জাতীয় সংসদ

ব্যাখ্যা রাষ্ট্রের প্রধান আইনজীবীকে অ্যাটর্নি জেনারেল বলা হয়। সংবিধানের ৬৪(১) অনুচ্ছেদ অনুযায়ী অ্যাটর্নি জেনারেল নিয়োগ দেয়া হয়। মহামান্য রাষ্ট্রপতি অ্যাটর্নি জেনারেল নিয়োগ প্রদান করেন।

৮৮. টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের একমাত্র শতরানকারী কে?

- ক) সাকিব খ) মশরাফী
গ) সাকিবর ঘ) তামিম

ব্যাখ্যা টি-২০ বিশ্বকাপে বাংলাদেশের একমাত্র শতরানকারী তামিম ইকবাল। ১৩ মার্চ ২০১৬ ষষ্ঠ টি-২০ বিশ্বকাপের প্রথম পর্বে ওমানের বিপক্ষে ৬৩ বলে অপরাধিত ১০৩ রান করেন।

৮৯. সম্প্রতি বাংলাদেশে কোন বিরল রোগে আক্রান্ত রোগীর সন্ধান পাওয়া গিয়াছে?

- ক) এ্যানথ্রাক্স খ) ট্রিম্যান
গ) চিকন গুনিয়া ঘ) ল্যাসা জ্বর

ব্যাখ্যা 'এপিডার্মোডিসপ্রাসিয়া ভেরাসিফরমিস' নামক এক বিরল প্রজাতির রোগ। এ রোগটি 'ট্রি-ম্যান (বৃক্ষ মানব) সিনড্রোম' নামে পরিচিত। হিউম্যান প্যাপিলোমা ভাইরাসের (এইচপিভি) সংক্রমণে এ রোগ হয়। এ রোগে

আক্রান্ত ব্যক্তির হাত-পা অনেকটা গাছের শিকড়ের মত আকার নেয়। সারা বিশ্বে এ পর্যন্ত চারজন ট্রি-ম্যান (বৃক্ষমানব) সিনড্রোম আক্রান্ত ব্যক্তির তথ্য জানা যায়।

৯০. বাংলাদেশে প্রথম ও একমাত্র 'ওয়ার্ল্ড' ট্রেড সেন্টার কোথায় অবস্থিত?

- ক) ঢাকা খ) সিলেট
গ) কুমিল্লা ঘ) চট্টগ্রাম

ব্যাখ্যা বিশ্ব বাণিজ্য কেন্দ্র বা ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (WTC) ধারণাটি আন্তর্জাতিক পর্যায়ে বেশ সুপরিচিত। Connect Globally & Prosper Locally—বিষয়কে মাথায় রেখে যাত্রা শুরু হয় ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের। বাংলাদেশ প্রথমবারের মতো এ নেটওয়ার্কে যুক্ত হয় ৩০ জানুয়ারি ২০১৬। এদিন চট্টগ্রামের আশাবাদে নির্মিত দেশের প্রথম ও একমাত্র ওয়ার্ল্ড ট্রেড সেন্টার যাত্রা শুরু করে। ২৪ তলা বিশিষ্ট এ ওয়ার্ল্ড ট্রেড সেন্টারের উচ্চতা প্রায় ৯১ মিটার বা ২৯৮ ফুট। এটাই চট্টগ্রামের সর্বোচ্চ ভবন।

৯১. বঙ্গবন্ধুর আত্মজীবনীমূলক গ্রন্থ 'অসমাণ্ড আত্মজীবনী' সর্বশেষ কোন ভাষায় অনূদিত?

- ক) রুশ খ) ডাচ
গ) চীনা ঘ) ফ্রেঞ্চ

[Note: 'অসমাণ্ড আত্মজীবনী' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মজৈবনিক সংকলন। 'অসমাণ্ড আত্মজীবনী' ১৮ জুন ২০১২ বাংলা ও ইংরেজি সংস্করণে প্রথম প্রকাশিত হয়। ২ আগস্ট ২০১৫ জাপানি, ২৮ জানুয়ারি ২০১৬ চীনা, ২০১৬ সালে আরবি, ২৬ মার্চ ২০১৭ ফরাসি এবং ৮ এপ্রিল ২০১৭ হিন্দি ভাষায় এ আত্মজীবনী প্রকাশিত হয়। সর্বশেষ ২৭ মার্চ ২০১৮ তুর্কি ভাষায় বঙ্গবন্ধুর 'অসমাণ্ড আত্মজীবনী' প্রকাশিত হয়।]

৯২. সম্প্রতি নাসায় (NASA) কর্মরত কোন বাংলাদেশী জ্যোতির্বিজ্ঞানী নতুন পাঁচটি নক্ষত্র আবিষ্কার করেছেন?

- ক) রুবাব খান খ) সালমান খান
গ) কামাল জিহান ঘ) শিহাব কামাল

ব্যাখ্যা সম্প্রতি নাসায় (NASA) কর্মরত বাংলাদেশি জ্যোতির্বিজ্ঞানী ড. রুবাব খান নতুন পাঁচটি নক্ষত্র আবিষ্কার করেন। তিনি রাজধানীর উদয়ন স্কুল থেকে এসএসসি এবং নটরডেম কলেজ থেকে এইচএসসি পাস করেন। বর্তমানে তিনি কাজ করছেন নাসা গার্ডার্ড স্পেস ফ্লাইট সেন্টারের একজন জেমস ওয়েব স্পেস টেলিস্কোপ (JWST) পোস্ট ডক্টরাল ফেলো হিসেবে।

৯৩. বাংলাদেশে প্রথম চায়ের চাষ হয়—

- ক) সিলেটের তামাবিলে
খ) সিলেটের জাফলং-এ
গ) সিলেটের মালনী ছড়ায়
ঘ) সিলেটের শ্রীমঙ্গলে



| | |
|----|------|
| ৮৪ | খ |
| ৮৫ | গ |
| ৮৬ | গ |
| ৮৭ | খ |
| ৮৮ | ঘ |
| ৮৯ | খ |
| ৯০ | ঘ |
| ৯১ | Note |
| ৯২ | ক |
| ৯৩ | গ |

ব্যখ্যা বাংলাদেশে সর্বপ্রথম চা উৎপাদন শুরু হয় ১৮৪০ সালে চট্টগ্রামের ক্লাব এলাকায়। তবে বাংলাদেশে প্রথম বাণিজ্যিক চা উৎপাদন শুরু হয় সিলেটের মালনিছড়ায় ১৮৫৭ সালে। বাংলাদেশে দুই প্রকারের চা উৎপাদিত হয়। যথা-কালো চা ও সবুজ চা। বাংলাদেশে সবচেয়ে বেশি চা উৎপাদন হয় মৌলভীবাজারে।

৯৪. 'ডাউন সিনড্রোম' বলতে বুঝানো হয়-

- ক) গর্ভস্থ শিশুর অপরিণত বিকাশ
- খ) ধানপাছের বিশেষ রোগ
- গ) লৈতিক অবক্ষয়ের লক্ষণ
- ঘ) ফলের অপরিণত বিকাশ

ব্যখ্যা ডাউন সিনড্রোম (Down syndrome) বা ডাউন শিশু প্রকৃতির খেলালে তৈরি এক বিশেষ ধরনের শিশু। ব্রিটিশ চিকিৎসক জন ল্যান্ডডন ডাউন ১৯৮৬ সালে এ শিশুদের চিহ্নিত করেন বলে তার নামানুসারে ডাউন সিনড্রোম কথাটি প্রচলিত হয়। প্রতি ৫০০-৭০০ শিশুর মধ্যে একটি শিশু ডাউন সিনড্রোম বা ডাউন শিশু হিসেবে জন্মগ্রহণ করতে পারে।

৯৫. তৎকালীন পাকিস্তানের শিক্ষা আন্দোলন হয় কত সালে?

- ক) ১৯৫৬
- খ) ১৯৬২
- গ) ১৯৬৬
- ঘ) ১৯৬৮

ব্যখ্যা ১৯৫৯ সালে আইয়ুব খান তৎকালীন শিক্ষা সচিব এস এম শরীফকে চেয়ারম্যান করে ১১ সদস্যবিশিষ্ট শিক্ষা কমিশন গঠন করে। ঐ কমিশন পাকিস্তানি শাসকগোষ্ঠীর লক্ষ্য ও স্বার্থের প্রতিফলন ঘটিয়ে একটি গণবিরোধী শিক্ষানীতি প্রণয়ন করে। ১৯৬২ সালে এ কমিশন রিপোর্ট পেশ করেন। অগণতান্ত্রিক ও ছাত্র স্বার্থবিরোধী এ শিক্ষানীতির বিরুদ্ধে পূর্ব পাকিস্তানের ছাত্র সমাজ তীব্র আন্দোলন ও সংগ্রাম গড়ে তোলে। ১৭ সেপ্টেম্বর ১৯৬২ এ শিক্ষানীতির বিরুদ্ধে মিছিল বের করলে হাইকোর্টের সামনে পুলিশ গুলি চালায়। নিহত হন বাবুল, মোস্তফা, ওয়াজীউল্লাহসহ অনেকে। সেই থেকে প্রতিবছর ১৭ সেপ্টেম্বর বিভিন্ন রাজনৈতিক এবং সামাজিক সংগঠন এ দিনটিকে মহান শিক্ষা দিবস হিসেবে পালন করে।

৯৬. বাংলাদেশের ভিতরে ভারতের কয়টি ছিটমহল ছিল?

- ক) ৫৫টি
- খ) ১১০টি
- গ) ১১৪টি
- ঘ) ১১১টি

ব্যখ্যা বাংলাদেশ ও ভারতের মধ্যে মোট ১৬২টি ছিটমহল ছিল। বাংলাদেশের মধ্যে ভারতের ১১১টি এবং ভারতের মধ্যে বাংলাদেশের ৫১টি ছিটমহল বিদ্যমান ছিল। ১ আগস্ট ২০১৫ বাংলাদেশ ও ভারতের মধ্যে আনুষ্ঠানিকভাবে ছিটমহল বিনিময়ের মাধ্যমে ১৬২ টি ছিটমহলের বিলুপ্তি ঘটে।

৯৭. বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী-

- ক) অক্সিজেন
- খ) নাইট্রোজেন
- গ) কার্বন মনোক্সাইড
- ঘ) কার্বন ডাইঅক্সাইড

ব্যখ্যা বায়ু দূষণের জন্য প্রধানত দায়ী কার্বন মনোক্সাইড। এর রাসায়নিক সংকেত CO। এটি এক প্রকার রং, গন্ধ এবং স্বাদহীন গ্যাস। এটি একটি বিপজ্জনক গ্যাস। এটি অত্যধিক মাত্রায় কেউ নিঃশ্বাসের সাথে গ্রহণ করলে সে দ্রুত অজ্ঞান হয়ে পড়বে এবং সাথে সাথে চিকিৎসা না করলে রোগীর মৃত্যু ঘটে। কার্ট, কয়লা ইত্যাদি পোড়ালে কার্বন মনোক্সাইড গ্যাস উৎপন্ন হয়।

৯৮. 'জিকা ভাইরাস' কোন দেশে সর্বপ্রথম ছড়ায়?

- ক) ভারত
- খ) আমেরিকা
- গ) ব্রাজিল
- ঘ) ইরাক

ব্যখ্যা 'জিকা' (Zika) নামটি নেয়া হয়েছে উগান্ডার জিট্টোরিয়া হ্রদের কাছে জিকা বন থেকে। ১৯৪৭ সালে ঐ বনে খাঁচার বন্দী রেখে একটি বানরের ওপর পীতজ্বর নিয়ে গবেষণার সময় তার দেহে একটি সংক্রামক এজেন্টের উপস্থিতি শনাক্ত করা হয়। অনেক গবেষণার পর ১৯৫২ সালে শনাক্তকৃত এজেন্টের নাম দেয়া হয় 'জিকা ভাইরাস'।

৯৯. মানুষের রক্তে শ্বেতকণিকা ও লোহিতকণিকার অনুপাত-

- ক) ১ : ৫০০
- খ) ১ : ৬৫০
- গ) ২ : ৭০০
- ঘ) ১ : ৭০০

ব্যখ্যা রক্ত হলো এক ধরনের তরল যোজক কলা। রক্ত প্রধানত দেহে অক্সিজেন, কার্বন ডাই-অক্সাইড এবং অন্যান্য বর্জ্য পদার্থ পরিবাহিত করে। রক্ত হলো আমাদের দেহের জ্বালানি স্বরূপ। রক্তের প্রাজমার মধ্যে নির্দিষ্ট আকার ও গঠন বিশিষ্ট উপাদান বা রক্তকোষসমূহকে রক্ত কণিকা বলে। রক্তে প্রায় তিন ধরনের কণিকা পাওয়া যায়। যথা : ১. লোহিত রক্তকণিকা ২. শ্বেত রক্তকণিকা ও ৩. অণুচক্রিকা।

১০০. ফেসবুক প্রতিষ্ঠা করা হয় কত সালে?

- ক) ২০০০
- খ) ২০০৩
- গ) ২০০৪
- ঘ) ২০০৫

ব্যখ্যা ফেসবুক ২০০৪ সালে প্রতিষ্ঠা করেন মার্ক জাকারবার্গ। তিনি একজন আমেরিকান কম্পিউটার প্রোগ্রামার ও সফটওয়্যার ডেভেলপার। তার পুরো নাম মার্ক এলিয়ট জাকারবার্গ। তিনি বর্তমান ফেসবুকের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং প্রেসিডেন্ট।



উত্তর

৯৪ ক

৯৫ খ

৯৬ ঘ

৯৭ গ

৯৮ গ

৯৯ ঘ

১০০ গ

২৪. 'Justification for'-এর সঠিক অনুবাদ কোনটি?

- (ক) সমর্থন (খ) বিচার
(গ) মন্তব্য (ঘ) তর্ক

ব্যাখ্যা 'Justification for' এর অর্থ : সমর্থন। অপরদিকে Judgement, Comment ও Lebate-দ্বারা যথাক্রমে : বিচার, মন্তব্য ও তর্ক বোঝায়।

২৫. গল্প বিধান বাংলা বানানে কোন শব্দের ক্ষেত্রে প্রযোজ্য?

- (ক) সংস্কৃত (খ) বিদেশি শব্দ
(গ) দেশি শব্দ (ঘ) তদ্ভব শব্দ

২৬. The judge acquitted him — the charge.

- (ক) from (খ) of
(গ) on (ঘ) in

ব্যাখ্যা কাউকে কোনো দোষ বা অভিযোগ হতে অব্যাহতি দেওয়া অর্থে 'acquit sb of sth' ব্যবহৃত হয়।

২৭. The noun form of 'endure' is—

- (ক) endurance (খ) endurement
(গ) endurence (ঘ) endureable

ব্যাখ্যা Endure শব্দের noun হচ্ছে 'endurance' যার অর্থ 'সহনশীলতা'।

২৮. — mother rose in her.

- (ক) a (খ) an
(গ) no article (ঘ) the

ব্যাখ্যা কিছু কিছু Noun আছে যাদের পূর্বে 'the' ব্যবহৃত হলে abstract noun-এর অর্থ প্রকাশ করে। যেমন— 'The mother rose in her' অর্থাৎ তার মধ্যে মাতৃত্ব (মাতৃসুলভ মায়ী-মমতা) জেগে উঠল। 'Control the beast in you' ইত্যাদি।

২৯. He complied — her request.

- (ক) on (খ) with
(গ) to (ঘ) by

ব্যাখ্যা অন্যের ইচ্ছা, অনুরোধ ইত্যাদিতে সম্মত হওয়া অর্থে 'comply with one's request/wish' ব্যবহৃত হয়।

৩০. The adjective form of 'heart' is—

- (ক) heartly (খ) heartily
(গ) hearty (ঘ) heartable

ব্যাখ্যা Heart শব্দের Adjective হচ্ছে 'heartly' যার অর্থ 'আন্তরিক'। অন্য option গুলোর মধ্যে 'heartily' হচ্ছে Adverb যার অর্থ 'কায়মনোবাক্যে' আর heartly ও heartable-এর কোনো ব্যবহার নেই।

৩১. — honesty of Rahim is enviable.

- (ক) the (খ) a
(গ) an (ঘ) no article

ব্যাখ্যা 'of'-দ্বারা দুটি Noun-এর সম্পর্ক বোঝালে উভয় Noun-এর (Proper noun ছাড়া) পূর্বে সাধারণত 'the' ব্যবহৃত হয়।

৩২. Choose the correct sentence :

- (ক) He lives here for five months
(খ) He is living here for five months
(গ) He has been living here for five months
(ঘ) He lived here for five months

ব্যাখ্যা 'অতীতে শুরু হয়ে বর্তমান সময়ে চলমান আছে'— বোঝালে Present Perfect Continuous Tense হয়। এই Tense এর বাক্যগঠনের নিয়ম হচ্ছে— Subject + have/has been + verb + ing + for/since + উল্লিখিত সময়। সুতরাং (গ) সঠিক।

৩৩. Check — beast in you.

- (ক) the (খ) a
(গ) an (ঘ) no article

ব্যাখ্যা কিছু কিছু Noun আছে যাদের পূর্বে 'the' ব্যবহৃত হলে abstract noun-এর অর্থ প্রকাশ করে। যেমন— 'The mother rose in her' অর্থাৎ তার মধ্যে মাতৃত্ব (মাতৃসুলভ মায়ী-মমতা) জেগে উঠল। 'check the beast in you' অর্থাৎ 'তোমার মধ্যে কুশ্রবৃত্তিকে দমন কর' ইত্যাদি।

৩৪. What is the plural number of 'spectrum'?

- (ক) Spectrums (খ) Spectra (গ) Species (ঘ) Image

ব্যাখ্যা 'Spectrum' শব্দের plural হচ্ছে 'spectra' যার অর্থ : বর্ণচ্ছটা।

৩৫. 'Null and void' means—

- (ক) invalid (খ) valid (গ) lawful (ঘ) incorrect

ব্যাখ্যা Null and void—phrase-টির অর্থ : হচ্ছে 'বাতিল'। Option গুলোর মধ্যে invalid—অর্থ : বাতিল, অকার্যকর; valid— বৈধ; lawful— বৈধ, আইনসম্মত এবং incorrect—অর্থ : ভুল। সুতরাং invalid সঠিক meaning।

৩৬. 'Apple of one's eye' means—

- (ক) apple like eye (খ) big eye
(গ) apple coloured eye (ঘ) extremely favourite

ব্যাখ্যা 'Apple of one's eye'— অর্থ : চোখের মণি, অতি আদরের বা খুব প্রিয়। Option গুলোর মধ্যে (ঘ) extremely favourite-ই Apple of one's eye-এর meaning বহন করে।

৩৭. The correct sentence is—

- (ক) two thirds of it is fine
(খ) two third of it is fine
(গ) two thirds of it are fine
(ঘ) two third is fine

ব্যাখ্যা ভগ্নাংশমূলক Sentence-এর নিয়ম হচ্ছে—

- i. One third/two thirds + of + singular/ uncountable noun + singular verb + extension।
ii. One third/two thirds + of + plural noun + plural verb + extension.
সুতরাং নিয়মানুযায়ী (ক) সঠিক।



উত্তর

২৪ ক

২৫ ক

২৬ খ

২৭ ক

২৮ ঘ

২৯ খ

৩০ গ

৩১ ক

৩২ গ

৩৩ ক

৩৪ খ

৩৫ ক

৩৬ ঘ

৩৭ ক

৩৮. He acted — strong opposition.

- (ক) in teeth (খ) in teeth of
(গ) in the teeth of (ঘ) by the teeth of

ব্যাখ্যা 'সমস্ত প্রতিকূলতা তুচ্ছ করে' অর্থে 'in the teeth of' ব্যবহৃত হয়। প্রশ্নোক্ত বাক্যে 'opposition' শব্দটি থাকায় (গ) in the teeth of হবে।

৩৯. The passive form of the sentence 'Enter the house by this gate' is—

- (ক) you are requested to enter the house by this gate
(খ) you should enter the house by this gate
(গ) let the house be entered by this gate
(ঘ) let the house be entered by you by this gate

ব্যাখ্যা প্রশ্নোক্ত Imperative Sentence—টি Request বোঝাচ্ছে বলে (ক) option টি সঠিক। সাধারণত guest-দেরকে বিনয়ের সাথে request করা হয়।

৪০. The passive form of 'who has broken the glass'? is—

- (ক) by who have the glass been broken?
(গ) by whom has the glass been broken?
(ঘ) by whom have the glass been broken?
(খ) whom has the glass been broken?

ব্যাখ্যা Active sentence-এ who subject হিসেবে থাকলে Passive sentence-এ 'by whom' দিয়ে বাক্য শুরু হয় এবং পরবর্তীতে auxiliary verb + subject (active-এর object) + মূল verb এর past participle form + extension ব্যবহৃত হয়।

৪১. It is high time he (change) his bad habits.

- (ক) changing (খ) has changed
(গ) changed (ঘ) has been changing

ব্যাখ্যা It is high time/it is time + subject + verb এর past form ব্যবহৃত হয়। আবার It is high time/it is time + to + verb এর present form ব্যবহৃত হয়। সুতরাং option (গ) changed-ই সঠিক।

৪২. The children were entrusted — the care of their uncle.

- (ক) with (খ) for
(গ) to (ঘ) at

ব্যাখ্যা Entrust শব্দের দুটি নিয়ম হলো— entrust sb/sth to sb এবং be entrusted with sb/sth। সুতরাং সঠিক উত্তর হলো (ক) with।

৪৩. The antonym of 'belligerent' is—

- (ক) bellicose (খ) pugnacious
(গ) peaceful (ঘ) silent

ব্যাখ্যা Belligerent—অর্থ যুদ্ধপ্রিয়, বিবাদমান। Option-গুলোর মধ্যে bellicose—অর্থ: বিবাদপ্রিয়; pugnacious—কলহপ্রিয়; peaceful—শান্তিপ্রিয় এবং silent—অর্থ: নিরুপ। সুতরাং belligerent-এর antonym হচ্ছে peaceful।

৪৪. He suffered from the— that he was another Napoleon.

- (ক) imagination (খ) illusion
(গ) defusion (ঘ) allusion

ব্যাখ্যা Imagination—অর্থ কল্পনা, চিন্তা; illusion—যৌর, মোহ, মতিভ্রম; defusion— চিন্তা, ভয়, বিপদ-হাস এবং allusion— পরোক্ষভাবে কারও উল্লেখ বা ইঙ্গিত। নিজেকে আরেকজন Napoleon মনে করাটা এক প্রকার মতিভ্রম বা illusion।

৪৫. Identify the correct spelling.

- (ক) acquaintance (খ) acquaintence
(গ) acquantence (ঘ) acquintence

ব্যাখ্যা Option গুলোর মধ্যে correct spelling হচ্ছে (ক) acquaintance যার অর্থ: 'পরিচয়'।

৪৬. It— since morning.

- (ক) rains (খ) has rained
(গ) has been raining (ঘ) will be raining

ব্যাখ্যা প্রশ্নোক্ত বাক্যে 'since morning' উল্লেখ থাকায় এটি Perfect continuous tense হবে। সুতরাং (গ) has been raining ই সঠিক।

৪৭. While he—in the garden, a snake bit him.

- (ক) walked (খ) walks
(গ) is walking (ঘ) was walking

ব্যাখ্যা While-এর পরে subject আসলে পরবর্তীতে সাধারণত Past Indefinite Tense হয়। সুতরাং (ঘ) was walking-ই সঠিক option।

৪৮. If I had a typewriter,—

- (ক) I will type myself
(খ) I would have typed myself
(গ) I would type myself
(ঘ) I might have typed myself

ব্যাখ্যা প্রশ্নোক্ত if clause টি সাধারণ Past tense হওয়ায় Principal clause টি হবে subject + would/ could/ might + verb-এর present form + extension। সুতরাং (গ) option টি সঠিক।

৪৯. You had better—him at once.

- (ক) to ring (খ) ring
(গ) ringing (ঘ) rung

ব্যাখ্যা Had better একটি modal auxiliary যার পর verb এর present form ব্যবহৃত হয়।

৫০. 'A child likes only sweets'—Negative form of this sentence is—

- (ক) A child likes nothing but sweets
(খ) A child likes none but sweets
(গ) A child likes but sweets
(ঘ) A child likes not more sweets



৩৮ গ

৩৯ ক

৪০ খ

৪১ গ

৪২ গ

৪৩ গ

৪৪ খ

৪৫ ক

৪৬ গ

৪৭ ঘ

৪৮ গ

৪৯ খ

৫০ ক

ব্যখ্যা Assertive sentence-এ বক্তুর পূর্বে only থাকলে negative sentence-এ only-এর পরিবর্তে nothing but ব্যবহৃত হয়। সুতরাং A child likes nothing but sweets-ই সঠিক।

৫১. নিচের কোনটি বৃহত্তম?

- (ক) ০.৩ (খ) $\frac{1}{3}$
(গ) $\sqrt{0.3}$ (ঘ) $\frac{2}{5}$

ব্যখ্যা $\frac{1}{3} = 0.33$; $\sqrt{0.3} = 0.55$; $\frac{2}{5} = 0.4$

৫২. $\sqrt[n]{a^n}$ এর মান নিচের কোনটি?

- (ক) a^{mn} (খ) $\frac{n}{a^m}$
(গ) $\frac{m}{a^n}$ (ঘ) $a - \frac{n}{m}$

ব্যখ্যা $\sqrt[n]{a^n} = a^{\frac{n}{n}} = a$

৫৩. ০.২ এর ২০% কত?

- (ক) ৪ (খ) ০.০৪
(গ) ০.৪ (ঘ) ০.০০৪

ব্যখ্যা $0.2 \times \frac{20}{100} = 0.04$

৫৪. ২০টি কমলার ২০% পচা হলে, ভালো কমলার সংখ্যা নিচের কোনটি?

- (ক) ৪টি (খ) ৮টি (গ) ১৬টি (ঘ) ২০টি

ব্যখ্যা পচা কমলার সংখ্যা ২০ এর $\frac{20}{100} = ৪$ টি
ভালো কমলার সংখ্যা $(২০ - ৪) = ১৬$ টি

৫৫. ১৫টি ছাগলের মূল্য ৩টি গরুর মূল্যের সমান। ৩০টি ছাগলের পরিবর্তে কয়টি গরু পাওয়া যাবে?

- (ক) ৪টি (খ) ৮টি (গ) ৬টি (ঘ) ৫টি

ব্যখ্যা ১৫টি ছাগল সমান ৩টি গরু

৩০টি $\frac{৩ \times ৩}{১৫} = ৬$ টি গরু

৫৬. দুটি সংখ্যার অনুপাত ৭ : ৮ এবং তাদের গ.সা.স. ৯ হলে তাদের ল.সা.স. কত?

- (ক) ৫০২ (খ) ৫০৪ (গ) ৪০৫ (ঘ) ৩৪৫

ব্যখ্যা সংখ্যা দুটি $7x$ ও $8x$

গ. সা. স. $x = ৯$

ল. সা. স. $= ৫৬x = ৫৬ \times ৯ = ৫০৪$

৫৭. ৬, ৮, ১০ এর গাণিতিক গড়টি; ৭, ৯ এবং কোন সংখ্যার গাণিতিক গড়ের সমান?

- (ক) ৫ (খ) ৮ (গ) ৬ (ঘ) ৯

ব্যখ্যা সংখ্যাটি x

$৬ + ৮ + ১০ = ৭ + ৯ + x$

$\Rightarrow x = ২৪ - ১৬$

$\therefore x = ৮$

৫৮. বার্ষিক শতকরা কত হার সুদে ৪২৫ টাকা ৩ বছরে সুদে-আসলে ৪৭৬ টাকা হবে?

- (ক) ৩% (খ) ৬% (গ) ৫% (ঘ) ৪%

ব্যখ্যা সুদ $I = ৪৭৬ - ৪২৫ = ৫১$

এখন, $I = Pnr$

$$\Rightarrow ৫১ = ৪২৫ \times ৩ \times \frac{r}{100}$$

$$\Rightarrow ৫১ = \frac{১২৭৫r}{100}$$

$$\Rightarrow r = \frac{৪ \times ৫১}{১২৭৫}$$

$$\Rightarrow r = ৪$$

সুদের হার ৪%

৫৯. x এর মান কত হলে $2^{4x-12} = 16$ হবে?

- (ক) ৪ (খ) ২ (গ) ৬ (ঘ) ৪

ব্যখ্যা $2^{4x-12} = 16$

$$\Rightarrow 2^{4x-12} = 2^4$$

$$\Rightarrow 4x - 12 = 4$$

$$\Rightarrow 4x = 16$$

$$\therefore x = 4$$

৬০. $\frac{5^{n+2} + 35 \times 5^{n-1}}{4 \times 5^n}$ এর মান কত?

- (ক) ৫ (খ) ৪ (গ) ৪ (ঘ) ৭

ব্যখ্যা $\frac{5^{n+2} + 35 \times 5^{n-1}}{4 \times 5^n} = \frac{5^n \cdot 5^2 + 35 \cdot 5^n \cdot \frac{1}{5}}{4 \times 5^n}$

$$= \frac{25 \times 5^n + 7 \times 5^n}{4 \times 5^n} = \frac{32 \times 5^n}{4 \times 5^n} = 8$$

৬১. $a + b = 17$ এবং $ab = 60$ হলে; $(a - b)^2$ এর মান কত?

- (ক) ৪৭ (খ) ৬৪ (গ) ৩৬ (ঘ) ১২৫

ব্যখ্যা $(a - b)^2 = (a + b)^2 - 4ab$

$$= (17)^2 - 4 \times 60$$

$$= 289 - 240$$

$$= 49$$

৬২. $-15 + x + 2x^2$ এর উৎপাদক কোনটি?

- (ক) $(x + 3)(2x - 5)$ (খ) $(x - 3)(2x + 5)$

- (গ) $(x + 3)(2x + 5)$ (ঘ) $(x - 3)(2x - 5)$

ব্যখ্যা $-15 + x + 2x^2 = 2x^2 + x - 15$

$$= 2x^2 + 6x - 5x - 15$$

$$= 2x(x + 3) - 5(x + 3)$$

$$= (x + 3)(2x - 5)$$

৬৩. $\log_2 64 + \log_8 8$ এর মান কত?

- (ক) ৭ (খ) ৭ (গ) ২৪ (ঘ) ৭২

ব্যখ্যা $\log_2 64 + \log_8 8 = \log_2 2^6 + \log_2 2^3$

$$= 6 \times 1 + 3 \times 1$$

$$= 6 + 3$$

$$= 9$$



উত্তর

৫১ গ

৫২ খ

৫৩ খ

৫৪ গ

৫৫ গ

৫৬ খ

৫৭ খ

৫৮ ঘ

৫৯ ক

৬০ গ

৬১ ক

৬২ ক

৬৩ ক

বইঘর কন

৬৪. $x - \frac{1}{x} = 7$ হলে, $x^3 - \frac{1}{x^3}$ এর মান কত?

- ক) 334 খ) 322 গ) 364 ঘ) 354

ব্যাখ্যা $x^3 - \frac{1}{x^3} = \left(x - \frac{1}{x}\right)^3 + 3 \cdot x \cdot \frac{1}{x} \left(x - \frac{1}{x}\right)$
 $= (7)^3 + 3 \times 7$
 $= 343 + 21 = 364$

৬৫. 125° কোণের সম্পূরক কোণ কত?

- ক) 35° খ) 235°
 গ) 145° ঘ) 55°

ব্যাখ্যা দুটি কোণের সমষ্টি 180° হলে একটিকে অপরেরটির সম্পূরক কোণ বলা হয়।

$\therefore 125^\circ$ এর সম্পূরক কোণ $= 180^\circ - 125^\circ = 55^\circ$

৬৬. নিচে ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য দেয়া আছে। কোন ক্ষেত্রে ত্রিভুজটি আঁকা সম্ভব নয়?

- ক) ২, ৩, ৫ সে.মি. খ) ৪, ৫, ৬ সে.মি.
 গ) ৫, ৬, ৮ সে.মি. ঘ) ৩, ৫, ৭ সে.মি.

ব্যাখ্যা ত্রিভুজের যে কোনো দুই বাহুর যোগফল তৃতীয় বাহু অপেক্ষা বৃহত্তর।

$2 + 3 = 5$

অর্থাৎ ২, ৩ ও ৫ দ্বারা ত্রিভুজ আঁকা সম্ভব নয়।

৬৭. অনুপাতের একক কোনটি?

- ক) মিটার খ) সে.মি.
 গ) ফুট ঘ) অনুপাতের কোনো একক নেই

ব্যাখ্যা অনুপাতের রাশিসমূহ একই জাতীয় হওয়ায় এর কোনো একক নেই।

৬৮. একটি সমবাহু সমকোণী ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য ১২ সেমি হলে ত্রিভুজটির ক্ষেত্রফল কত বর্গ সেমি?

- ক) ৪৮ খ) ৩৬ গ) ৫৬ ঘ) ৭২

[Note : সমবাহু সমকোণী ত্রিভুজ সম্ভব নয়। সমদ্বিবাহু সমকোণী ত্রিভুজ হলে

$x^2 + x^2 = 12^2$ [x = সমান বাহুর দৈর্ঘ্য]

$\Rightarrow 2x^2 = 144$

$\therefore 2x^2 = 92$

ক্ষেত্রফল $= \frac{1}{2} \times 92 = 46$

৬৯. একটি আয়তাকার ক্ষেত্রের দৈর্ঘ্য বিস্তারের ৩ গুণ।

দৈর্ঘ্য ৪৮ মিটার হলে, ক্ষেত্রটির পরিসীমা কত?

- ক) ৬৪ মিটার খ) ১২৮ মিটার
 গ) ৯৬ মিটার ঘ) ২২৮ মিটার

ব্যাখ্যা $প্রস্থ x$

দৈর্ঘ্য $3x$

$3x = 48$

$\therefore x = 16$

পরিসীমা $= 2(48 + 16) = 2 \times 64 = 128$

৭০. ১৮ মিটার দীর্ঘ একটি মই ভূমির সাথে 30° কোণে উন্নিত করে দেয়ালের ছাদ স্পর্শ করে। দেয়ালটির উচ্চতা কত?

- ক) ৯ মিটার খ) ১০ মিটার
 গ) ১২ মিটার ঘ) ১৩ মিটার

ব্যাখ্যা দেয়ালটির উচ্চতা h

$\sin 30^\circ = \frac{h}{18}$

$\Rightarrow \frac{1}{2} = \frac{h}{18}$

$\Rightarrow 2h = 18$

$\therefore h = 9$

৭১. কোন সংখ্যার ৪০% এর সাথে ৪২ যোগ করলে যোগফল ঐ সংখ্যাটি। সংখ্যাটি কত?

- ক) ৪০ খ) ৭০
 গ) ৯০ ঘ) ৭৫

ব্যাখ্যা সংখ্যা x

$\therefore x \times \frac{40}{100} + 42 = x$

$\Rightarrow \frac{2x}{5} + 42 = x$

$\Rightarrow x - \frac{2x}{5} = 42$

$\Rightarrow 5x - 2x = 42 \times 5$

$\Rightarrow x = \frac{42 \times 5}{3}$

$\therefore x = 70$

৭২. $\tan 90^\circ$ - এর মান কত?

- ক) ∞ খ) $-\infty$ গ) 1 ঘ) -1

ব্যাখ্যা $\tan 90^\circ = \frac{\sin 90^\circ}{\cos 90^\circ} = \frac{1}{0}$ অসঙ্গায়িত (∞)

৭৩. $7\sqrt{3}$ সংখ্যা কোন ধরনের সংখ্যা?

- ক) জটিল সংখ্যা খ) মূলদ সংখ্যা
 গ) অমূলদ সংখ্যা ঘ) বাস্তব সংখ্যা

ব্যাখ্যা যেহেতু $\sqrt{3}$ একটি অমূলদ সংখ্যা সেহেতু $7\sqrt{3}$ একটি অমূলদ সংখ্যা।

৭৪. $(3x)^\circ$ এর মান কত?

- ক) 1 খ) -1
 গ) $3x$ ঘ) 0

\therefore গড় = $\frac{\text{একজাতীয় ক্রিপয় রাশির সমষ্টি}}{\text{রাশির সংখ্যা}}$

৩২. নিচের কোনটি সঠিক?

ক) $\sec^2\theta = 1 + \tan^2\theta$

খ) $\sec^2\theta = 1 - \tan^2\theta$

গ) $\tan\theta = \frac{\cos\theta}{\sin\theta}$

ঘ) $\sin^2\theta - \cos^2\theta = 1$

সমাধান আমরা জানি, $\sec^2\theta - \tan^2\theta = 1$
 $\therefore \sec^2\theta = 1 + \tan^2\theta$

৩৩. x ও y এর ব্যতানুপাত হবে-

ক) $y : x$

খ) $y : \frac{1}{x}$

গ) $\sqrt{x} : \sqrt{y}$

ঘ) $\frac{1}{x} : \frac{1}{y}$

সমাধান সরল অনুপাতের উক্ত রাশিকে পূর্ব রাশি এবং পূর্ব রাশিকে উক্ত রাশি ধরে প্রাপ্ত অনুপাতকে সরল অনুপাতটির ব্যত অনুপাত বলা হয়।

$\therefore x : y$ এর ব্যতানুপাত $y : x$ ।

৩৪. $2^{x+7} = 4^{x+2}$ হলে x এর মান কত?

ক) 0

খ) 2

গ) 3

ঘ) -1

সমাধান $2^{x+7} = 4^{x+2}$

বা, $2^x \cdot 2^7 = (2^2)^x \cdot 4^2$

বা, $2^x \cdot 2^7 = 2^{2x} \cdot (2^2)^2$

বা, $2^x \cdot 2^7 = 2^{2x} \cdot 2^4$

বা, $\frac{2^7}{2^4} = \frac{2^{2x}}{2^x}$

বা, $2^{7-4} = 2^{2x-x}$

বা, $2^3 = 2^x$

বা, $2^x = 2^3$

$\therefore x = 3$

৩৫. $1 + 2 + 3 + \dots + n =$ কত?

ক) $\frac{n(n+1)}{2}$

খ) $\frac{n^2(n+1)^2}{4}$

গ) n^2

ঘ) $\frac{n(n+1)(n+2)}{6}$

সমাধান আমরা জানি, n সংখ্যক স্বাভাবিক সংখ্যার যোগফল = $\frac{(\text{শেষ পদ} + 1\text{ম পদ})}{2} \times \text{পদ সংখ্যা}$

$\therefore 1 + 2 + 3 + \dots + n = \frac{n(n+1)}{2}$

৩৬. কোনো ত্রিভুজের দুটি কোণ 10° এবং 80° হলে ত্রিভুজটি হবে-

ক) সূক্ষকোণী

খ) সমকোণী

গ) সূক্ষকোণী

ঘ) সমবাহু ত্রিভুজ

সমাধান ত্রিভুজের তৃতীয় কোণের পরিমাপ = $\{180 - (10 + 80)\}^\circ = 90^\circ$

\therefore ত্রিভুজটি সমকোণী।

৩৭. $a + \frac{1}{a} = 3$ হলে $a^3 + \frac{1}{a^3}$ এর মান কত?

ক) 16

খ) 20

গ) 48

ঘ) 18

সমাধান দেয়া আছে, $a + \frac{1}{a} = 3$

এখন, $a^3 + \frac{1}{a^3} = \left(a + \frac{1}{a}\right)^3 - 3 \cdot a \cdot \frac{1}{a} \left(a + \frac{1}{a}\right)$
 $= (3)^3 - 3 \cdot 3 \text{ [মান বসিয়ে]}$
 $= 27 - 9 = 18$

৩৮. কোনো সংখ্যার $\frac{1}{2}$ অংশের সাথে 6 যোগ করলে সংখ্যাটির $\frac{2}{3}$ অংশ হবে। সংখ্যাটি কত?

ক) 53

খ) 63

গ) 36

ঘ) 35

সমাধান ধরি, সংখ্যাটি x

প্রশ্নমতে, $\frac{x}{2} + 6 = \frac{2x}{3}$

বা, $\frac{x}{2} - \frac{2x}{3} = -6$

বা, $\frac{3x - 4x}{6} = -6$

বা, $-x = -36$

$\therefore x = 36$

\therefore সংখ্যাটি 36

৩৯. $\log_5 \sqrt[3]{5}$ এর মান কত?

ক) $\frac{1}{2}$

খ) $\frac{1}{3}$

গ) 5

ঘ) $\frac{1}{5}$

সমাধান $\log_5 \sqrt[3]{5}$

$= \log_5 5^{\frac{1}{3}} = \frac{1}{3} \log_5 5^5 = \frac{1}{3} \cdot 1 \text{ [সূত্র : } \log_a a = 1]$
 $= \frac{1}{3}$

৪০. $\sin\theta = \frac{5}{13}$ হলে $\operatorname{cosec}\theta$ এর মান কত?

ক) $\frac{5}{12}$

খ) $\frac{12}{5}$

গ) $\frac{13}{5}$

ঘ) $\frac{5}{13}$

সমাধান দেয়া আছে, $\sin\theta = \frac{5}{13}$

$\therefore \operatorname{cosec}\theta = \frac{1}{\sin\theta} = \frac{1}{\frac{5}{13}} = \frac{13}{5}$

৪১. দুইটি ক্রমিক সংখ্যার বর্গের অন্তর 199 হলে বড় সংখ্যাটি কত?

ক) 70

খ) 80

গ) 90

ঘ) 100

সমাধান বড় সংখ্যা = $\frac{\text{বর্গের অন্তর} + 1}{2} = \frac{199 + 1}{2} = 100$

৪২. $x^2 - y^2 + 2y - 1$ এর একটি উৎপাদক-

- (ক) $x + y + 1$ (খ) $x - y$
 (গ) $x + y - 1$ (ঘ) $x - y - 1$

সমাধান $x^2 - y^2 + 2y - 1$
 $= x^2 - (y^2 - 2y + 1)$
 $= x^2 - (y - 1)^2$
 $= (x + y - 1)(x - y + 1)$

৪৩. $x + y = 12$ এবং $x - y = 2$ হলে xy এর মান কত?

- (ক) 60 (খ) 140
 (গ) 35 (ঘ) 70

সমাধান আমরা জানি, $xy = \left(\frac{x+y}{2}\right)^2 - \left(\frac{x-y}{2}\right)^2$
 $= \left(\frac{12}{2}\right)^2 - \left(\frac{2}{2}\right)^2$
 $= (6)^2 - (1)^2$
 $= 36 - 1 = 35$

৪৪. বর্ষসের ক্ষেত্রফল নিচের কোনটি?

- (ক) $\frac{1}{2} \times$ ভূমি \times উচ্চতা (খ) ভূমি \times উচ্চতা
 (গ) $\frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল (ঘ) দৈর্ঘ্য \times প্রস্থ

সমাধান বর্ষসের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল

৪৫. $\sqrt{3}$ সংখ্যাটি কোন ধরনের সংখ্যা?

- (ক) স্বাভাবিক সংখ্যা (খ) পূর্ণ সংখ্যা
 (গ) মূলদ সংখ্যা (ঘ) অমূলদ সংখ্যা

সমাধান পূর্ণকর্ষ নয় এমন যে কোনো স্বাভাবিক সংখ্যার কর্ণমূল অমূলদ সংখ্যা।
 যেমন- $\sqrt{2}, \sqrt{3}, \sqrt{5}$ ইত্যাদি।

\therefore প্রশ্নে উল্লেখিত $\sqrt{3}$ সংখ্যাটি একটি অমূলদ সংখ্যা।

৪৬. ১৫ জন লোক একটি কাজ শেষ করে ৩ ঘণ্টায়। ৫ জন লোক ঐ কাজ কত সময়ে শেষ করবে?

- (ক) ৫ ঘণ্টা (খ) ৭.৫ ঘণ্টা
 (গ) ৯ ঘণ্টা (ঘ) ৪ ঘণ্টা

সমাধান ১৫ জন লোক কাজটি করে ৩ ঘণ্টায়
 \therefore ১ জন লোক কাজটি করে 15×3 ঘণ্টায়

\therefore ৫ জন লোক কাজটি করে $= \frac{15 \times 3}{5}$ ঘণ্টায় $= 9$ ঘণ্টায়

৪৭. $\sin(-\theta)$ কত?

- (ক) $-\sin\theta$ (খ) $\sin\theta$
 (গ) $\pm\sin\theta$ (ঘ) কোনোটিই নয়

সমাধান ত্রিকোণমিতিক সূত্রানুসারে, $\sin(-\theta) = -\sin\theta$

৪৮. ΔABC এর $\angle A = 45^\circ, \angle B = 30^\circ$ হলে $\angle C$ এর মান কত?

- (ক) 90° (খ) 100°
 (গ) 105° (ঘ) 110°

সমাধান ΔABC -এ $\angle A + \angle B + \angle C = 180^\circ$
 $\Rightarrow 45^\circ + 30^\circ + \angle C = 180^\circ$
 $\Rightarrow \angle C = 180^\circ - 75^\circ$
 $\therefore \angle C = 105^\circ$

৪৯. একটি বৃত্তের ব্যাসার্ধ r হলে বৃত্তের ক্ষেত্রফল কত?

- (ক) πr^2 (খ) $2r^2$
 (গ) $2\pi r$ (ঘ) কোনোটিই নয়

৫০. $A = (1, 2, 3), B = (2, 3, 7)$ হলে $A \cap B =$ কত?

- (ক) $\{2\}$ (খ) $\{2, 3\}$
 (গ) $\{1, 2, 3, 7\}$ (ঘ) $\{3\}$

সমাধান দেয়া আছে, $A = (1, 2, 3), B = (2, 3, 7)$
 $\therefore A \cap B = (1, 2, 3) \cap (2, 3, 7) = (2, 3)$

৫১. 'Beauty is truth'. Here 'Beauty' is—

- (ক) a pronoun (খ) an abstract noun
 (গ) a common noun (ঘ) a collective noun

সমাধান যে noun দ্বারা কোনো ব্যক্তি বা বস্তুর গুণ, অবস্থা বা কার্যের নামকে প্রকাশ করে তাকে Abstract noun বলে। যেমন : goodness, love, ইত্যাদি। 'Beauty' nounটি বস্তুর গুণ নির্দেশ করে। সুতরাং সঠিক উত্তর (খ)।

৫২. Noun form of 'know' is—

- (ক) knowing (খ) known
 (গ) knowledge (ঘ) unknown

৫৩. The boy writes well. Here 'well' is a/an—

- (ক) adjective (খ) adverb
 (গ) verb (ঘ) noun

সমাধান যে word Noun এবং Pronoun ব্যতীত Verb, Adjective বা যে কোনো Parts of Speech কে modify করে, তাকে Adverb বলে। যেমন : Mira sings well। 'Well' শব্দটি verb কে modify করে। তাই সঠিক উত্তর (খ)।

৫৪. Every man is potential. Here 'Every' is a/an—

- (ক) noun (খ) adjective
 (গ) pronoun (ঘ) adverb

সমাধান যে word দ্বারা কোনো Noun বা Pronoun-এর দোষ, গুণ, অবস্থা, পরিমাণ বা সংখ্যা ইত্যাদি প্রকাশ করে তাকে Adjective বলে। Every, man এর সংখ্যা নির্দেশ করেছে। তাই সঠিক উত্তর হবে (খ)।

৫৫. Adjective form of 'Miser' is—

- (ক) miserly (খ) miser
 (গ) misery (ঘ) misearly

সমাধান কিছু কিছু Noun-এর শেষে ly যোগ করে Adjective-এ রূপান্তর করা হয়। যেমন- miserly, manly, friendly, homely, fatherly, monthly, yearly, costly ইত্যাদি।

৫৬. Noun form of 'Young' is—

- (ক) younger (খ) youth
 (গ) youngest (ঘ) tender

৫৭. The tea is so hot that I cannot drink it. (Simple)

- (ক) The tea is too hot to drink it. (খ) The tea is so hot to drink.
 (গ) The tea is too hot for me to drink. (ঘ) The tea is so hot for me to drink it.

সমাধান So.... that যুক্ত Negative complex sentence কে simple sentence করতে হলে too...to-এর নিয়মটি ব্যবহার করতে হয়। প্রশ্নোক্ত বাক্যে sub-ordinate clause- এ জিনি subject (I) আছে বলে adjective-এর পরে for me বসেছে।

৫৮. Would that I could fly in the sky! (Assertive)

- (ক) I could fly in the sky. (খ) I would fly in the sky.
 (গ) I wish I could fly in the sky. (ঘ) I wish I fly in the sky.

সমাধান Would that দিয়ে শুরু হওয়া Exclamatory sentence কে Assertive-এ রূপান্তরিত করার সময় প্রথমে প্রদত্ত Subject টি বসে + Wish + Would that এর পরের অংশ বসে।

৫৯. He has a cup of tea everyday. (Interrogative)

- (ক) Doesn't he have a cup of tea everyday?
 (খ) Doesn't he has a cup of tea everyday?
 (গ) Has he not have a cup of tea everyday?
 (ঘ) Hasn't he a cup of tea everyday?

স্মারক এখানে সঠিক উত্তর হবে (ক)। কারণ 'To lure' Verb সাধারণত মূল verb হিসেবে প্রদত্ত বাক্যে ব্যবহৃত হয়েছে। এখানে Subjectটি Third person singular number হওয়ায় lure না হয়ে Has হয়েছে। তবে উক্ত Sentence টিকে হ্যাঁবোধক বাক্য ছাড়া অন্যান্য বাক্য যেমন: Interrogative, Negative, Negative Interrogative Sentence-এ পরিণত করার সময় Auxiliary verb does, sentence-এর শুরুতে ব্যবহৃত হওয়ায় lure পরিবর্তিত হয়ে মূল Form হিসেবে lure ব্যবহৃত হয়। আর সাধারণত Affirmative sentence এর Interrogative হিসেবে Negative interrogative sentence ব্যবহৃত হয়।

৬০. He is the best boy in the class. (Positive)

- (ক) He is a good boy in the class.
 (খ) No other boy is so good as he.
 (গ) No other boy in the class is as good as he.
 (ঘ) He is better than any other boy.

স্মারক প্রশ্নোক্ত বাক্যে বলা হয়েছে যে, ক্লাসে সে সবচেয়ে ভালো ছেলে। এ বাক্যকে কোনো তুলনা ছাড়া কলতে গেলেও বলা যায় যে, ক্লাসে অন্য কোনো বালক তার মতো ভালো নয়। সুতরাং এ বাক্যটিই positive এবং এর ইংরেজি রূপ হচ্ছে option (গ)।

৬১. I must do this. (Negative)

- (ক) I cannot but doing this. (খ) I cannot help do this.
 (গ) I must not do this. (ঘ) I cannot help doing this.

স্মারক Transformation of sentence এর নিয়ম অনুযায়ী প্রশ্নোক্ত Affirmative sentence টিকে Negative করার সময় subject + can not help + verb এর ing form হয়।

৬২. I know you. (Complex)

- (ক) I know what you are. (খ) I know who you are.
 (গ) I know who are you. (ঘ) I know what are you.

স্মারক Sub + verb + Object দু'ক Simple Sentence কে Complex Sentence-এ রূপান্তরিত করার সময় Subject + verb + Relative Pronoun বসে + Object টি বসে এবং ব্যক্তিব্যাক্য Object অনুযায়ী Auxiliary Verb বসে।

৬৩. The sun rises in the east.

- (ক) সূর্য পূর্ব দিকে ওঠে। (খ) সূর্য পূর্ব দিকে অস্ত যায়।
 (গ) সূর্য পশ্চিম দিকে অস্ত যায়। (ঘ) সূর্য পূর্ব দিকে উঠেছে।

৬৪. He is my nephew.

- (ক) সে আমার চাচী। (খ) সে আমার নতুন পরিচিত।
 (গ) সে আমার ভাতিজি। (ঘ) সে আমার ভাতিজি।

৬৫. It is I who am your teacher.

- (ক) আমি তোমার শিক্ষক। (খ) আমিই তোমার শিক্ষক।
 (গ) এটি আমি যে তোমার শিক্ষক। (ঘ) এটি আমি যিনি তোমার শিক্ষক।

৬৬. It is a quarter to ten now.

- (ক) এখন সোয়া দশটা বাজে। (খ) এখন সাড়ে দশটা বাজে।
 (গ) এখন শোনে দশটা বাজে। (ঘ) এখন দশটার কাছাকাছি।

৬৭. Pen through the line.

- (ক) বাক্যটি কেটে দাও। (খ) শব্দটি কেটে দাও।
 (গ) ছত্রটি কেটে দাও। (ঘ) ছত্রটি বদলে দাও।

৬৮. Faults are thick where love is thin.

- (ক) ভালবাসলে ত্রুটি দেখা যায় না। (খ) ত্রুটি ভালবাসায় বিলীন হয়ে যায়।
 (গ) যাকে দেখতে নারি তার চলন বাঁকা। (ঘ) ত্রুটি ও ভালবাসা অভিন্ন।

৬৯. ছেলেটি হাড়ে হাড়ে দুষ্ট।

- (ক) The boy is very wicked. (খ) The boy is naughty.
 (গ) The boy is wicked bone to bone.
 (ঘ) The boy is wicked to the backbone.

৭০. চক্ চক্ করলেই সোনা হয় না।

- (ক) All that gliter is not gold. (খ) All that glitters is not gold.
 (গ) All that glitters is not gold. (ঘ) All that glitters are not gold.

৭১. ঢাকা কি জন্য বিখ্যাত?

- (ক) What is Dhaka famous for? (খ) Why Dhaka is famous?
 (গ) What Dhaka is famous for? (ঘ) What for Dhaka is famous?

৭২. আমি জানি সে কোথায় বাস করে।

- (ক) I know where does he lives. (খ) I know where he is living.
 (গ) I know where he live. (ঘ) I know where he lives.

৭৩. তেল পানিতে ভাসে।

- (ক) Oil is floating is water. (খ) Oil floates over water.
 (গ) Oil floats on water. (ঘ) Oil is floated on water.

৭৪. আমার একটি কম্পিউটার আছে।

- (ক) I have a computer. (খ) I had a computer.
 (গ) I has a computer. (ঘ) I am a computer.

৭৫. A paragraph must have—

- (ক) an object (খ) a single idea or topic
 (গ) topics (ঘ) more than one para

৭৬. নিচের কোনটি মিশ্র শব্দ?

- (ক) বেতার (খ) হাট-বাজার
 (গ) হেড-মাষ্টার (ঘ) শাকসবজি

স্মারক বাংলা শব্দ 'হাট' এবং ফারসি শব্দ 'বাজার' এর সমন্বয়ে 'হাট-বাজার' শব্দটি গঠিত হয়েছে, যা একটি মিশ্র শব্দ। তৎসম 'শাক' এবং ফারসি 'সবজি' শব্দ সমন্বয়ে 'শাকসবজি' শব্দটি গঠিত হয়েছে। সুতরাং খ ও ঘ দুটি উত্তরই সঠিক।

৭৭. মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন কোনটি?

- (ক) শ্রীকৃষ্ণকীর্তন (খ) চর্যাপদ
 (গ) বৈষ্ণব পদাবলী (ঘ) নাথ সাহিত্য

স্মারক মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন বড়ু চণ্ডীদাস রচিত 'শ্রীকৃষ্ণকীর্তন' এই কাব্য পুঁথিটি ১৯০৯ সালে বসন্তরঞ্জন রায় ভারতের পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলা কালিয়া গ্রামের এক গৃহস্থ বাড়ির গোয়ালঘর হতে উদ্ধার করেন। ১৯১৬ সালে তাঁর সাহিত্য পরিষদ থেকে বসন্তরঞ্জন রায়ের সম্পাদনায় 'শ্রীকৃষ্ণকীর্তন' প্রকাশিত হয়।

৭৮. 'অক্ষর'-এর প্রতিশব্দ কোনটি?

- (ক) পৃথিবী (খ) জল (গ) সমুদ্র (ঘ) আকাশ

স্মারক অক্ষর শব্দের অর্থ হলো আকাশ। এর সমার্থক শব্দগুলো হলো অন্তরীক্ষ, গগন, নভঃ, ব্যোম, আসমান প্রভৃতি।

৭৯. কোনটি অর্ধ-তৎসম শব্দের উদাহরণ?

- (ক) মাথা (খ) টেকি (গ) ভবন (ঘ) কুচ্ছিত

স্মারক যে সব সংস্কৃত শব্দ কিছির পরিবর্তিত হয়ে বাংলা ভাষায় ব্যবহৃত হয় সেগুলোকে বলে অর্ধ-তৎসম শব্দ। যেমন- সংস্কৃত শব্দ 'কুচ্ছিত' পরিবর্তিত হয়ে 'কুচ্ছিত' অর্ধ-তৎসম রূপ লাভ করেছে। কয়েকটি অর্ধ-তৎসম শব্দ হলো - জোছনা, ছেরাদ, গিন্গী, বোটম প্রভৃতি।

৮০. 'দর্শক' শব্দের সঠিক সন্ধি বিচ্ছেদ—

- (ক) দৃ + অক (খ) দৃশ্ + ঞক
 (গ) দৃশ্ + অক (ঘ) দৃ + শক্

৮১. 'পাশ্চাত্য' শব্দের বিপরীত শব্দ—

- (ক) প্রতীচ্য (খ) প্রাচ্য
 (গ) পশ্চিমা (ঘ) পূর্ব-পশ্চিম

৮২. নিচের কোন বানানটি শুদ্ধ নয়?

- (ক) সমীচীন (খ) সান্ত্বনা
 (গ) মুমূর্ষু (ঘ) ফটোষ্ট্যাট

স্মারক আরবি, ফারসি, ইংরেজি ইত্যাদি বিদেশি ভাষা থেকে আগত শব্দে 'ব' হয় না। 'ফটোষ্ট্যাট' শব্দটির স্ক্রুপ হলে 'ফটোষ্ট্যাট'।

৮৩. 'পত্র' শব্দটির আভিধানিক অর্থ কী?

- ক) বিনিময়
খ) যোগাযোগ
গ) চিহ্ন বা স্মারক
ঘ) সংযোগ

ত্যাগ্য্য 'পত্র' শব্দটির শাব্দিক অর্থ পাতা বা ফর্দ এবং আভিধানিক অর্থ 'চিহ্ন' বা 'স্মারক'।

৮৪. 'বারান্দা' কোন ভাষা থেকে আগত?

- ক) পর্তুগিজ
খ) ওলন্দাজ
গ) তুর্কি
ঘ) ইংরেজি

[Note : 'বারান্দা' শব্দটি এসেছে ফারসি ভাষা থেকে। | সূত্র : বাংলা একাডেমি, ব্যবহারিক বাংলা অভিধান, পৃ : ৮৬০।]

৮৫. নিচের কোনটি পারিভাষিক শব্দ?

- ক) মসজিদ
খ) কাগজ-পত্র
গ) দর-দালান
ঘ) সমীকরণ

ত্যাগ্য্য Equation শব্দটির বাংলা পরিভাষা 'সমীকরণ'।

৮৬. কোন ধরনের শব্দে কখনোই মূর্ধ্য-ণ হবে না?

- ক) তৎসম
খ) বিদেশি
গ) তদ্ভব
ঘ) আঞ্চলিক

ত্যাগ্য্য বাংলা বানানের নিয়ম অনুযায়ী যে কোনো বিদেশি শব্দে 'ণ' ব্যবহার হয়।

৮৭. সারাংশ লিখনে একাধিক অনুচ্ছেদ থাকা-

- ক) অপরিহার্য
খ) বাঞ্ছনীয়
গ) অপ্রয়োজনীয়
ঘ) অসম্ভব

ত্যাগ্য্য সারাংশ লেখার সময় কোনো প্রকার ছন্দ, অলংকার, উপমা, রূপক, উদ্ধৃতির ব্যবহার চলে না। এজন্য সারাংশে একাধিক অনুচ্ছেদের প্রয়োজন নেই।

৮৮. কোনটি শুদ্ধ বানান?

- ক) নূনতম
খ) ন্যূনতম
গ) নূনতম
ঘ) নূন্যতম

৮৯. সমাসের রীতি কোন ভাষা হতে আগত?

- ক) আরবি
খ) সংস্কৃত
গ) ফারসি
ঘ) ইংরেজি

ত্যাগ্য্য সমাস মানে সংক্ষেপ, মিলন, একাধিক পদের একপদীকরণ। এটি শব্দ তৈরি ও প্রয়োগের একটি বিশেষ রীতি। সমাসের রীতি সংস্কৃত থেকে বাংলায় এসেছে।

৯০. উপমান কর্মধারয় সমাসের উদাহরণ কোনটি?

- ক) মুখচন্দ্র
খ) ক্রোধানল
গ) তুষারতুন্দ্র
ঘ) মনমাঝি

ত্যাগ্য্য প্রত্যক্ষ কোনো বস্তুর সাথে পরোক্ষ কোনো বস্তুর তুলনা করলে প্রত্যক্ষ বস্তুটিকে বলা হয় উপমেয়, আর যার সাথে তুলনা করা হয় তাকে বলা হয় উপমান কর্মধারয় সমাস। যেমন- তুষারের ন্যায় তুন্দ্র = তুষারতুন্দ্র।

৯১. 'পোস্টাল কোড' কী নির্দেশ করে?

- ক) প্রাপকের এলাকা
খ) ডাক বিভাগের নাম
গ) পোস্ট অফিসের নাম
ঘ) প্রেরকের এলাকা

ত্যাগ্য্য 'পোস্টাল কোড' দ্বারা মূলত বোঝায় Post Code-কে। এটি প্রাপকের এলাকাকে নির্দেশ করে থাকে।

৯২. 'নদের চাঁদ' বাগধারাটির অর্থ কি?

- ক) অতি আকাঙ্ক্ষিত বস্তু
খ) অহমিকাপূর্ণ নির্গণ ব্যক্তি
গ) অদৃষ্টের পরিহাস
ঘ) বিশেষ সম্মানিত ব্যক্তি

ত্যাগ্য্য 'নদের চাঁদ' বাগধারাটি দ্বারা 'সুন্দর কিন্তু অসৎ' কিংবা 'অহমিকাপূর্ণ নির্গণ ব্যক্তি'কে বোঝায়।

৯৩. বৈষয়িক ব্যাপারে সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত পত্রকে কী বলে?

- ক) চুক্তিপত্র
খ) বায়নানামা
গ) বাণিজ্যিকপত্র
ঘ) দলিলপত্র

ত্যাগ্য্য দুই বা ততোধিক পক্ষের মধ্যে লেনদেন সংক্রান্ত চুক্তিকে মূলত চুক্তিপত্র বলে। ব্যবসা সংক্রান্ত যোগাযোগ, কোনো পণ্যদ্রব্য সরবরাহ করার আবেদন, প্রাপ্তি স্বীকার ইত্যাদি বিষয়ক পত্রকে বাণিজ্যিক পত্র বলে। বায়নানামা বলতে বোঝায়, মূল্য নির্ধারণ করে ক্রয়দংশ অগ্রিম দান বা গ্রহণ করা। 'দলিল' বলতে বোঝায় জমি ইত্যাদি হস্তান্তরের লিখিত প্রমাণপত্র, যা সরকারি পৃষ্ঠপোষকতায় আইনানুসারে লিখিত পত্রকে বোঝায়।

৯৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?

- ক) তিনি স্বত্বীক বিদেশে গেছেন
খ) 'শেষের কবিতা' একখানি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ
গ) সকল ছাত্রই অমনোযোগী নয়
ঘ) পদার্থের চার স্তরে অক্ষর বসে সকল স্তর

ত্যাগ্য্য

অশুদ্ধ বাক্য

শুদ্ধ বাক্য

(ক) তিনি স্বত্বীক বিদেশে গেছেন।

তিনি স্বত্বীক বিদেশে গেছেন।

(খ) 'শেষের কবিতা' একখানি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ।

'শেষের কবিতা' একটি উৎকৃষ্ট কাব্যগ্রন্থ।

(গ) সকল ছাত্রই অমনোযোগী নয়।

সকল ছাত্র অমনোযোগী নয়।

৯৫. সারাংশের জন্য গুরুত্বপূর্ণ দিক কোনটি?

- ক) প্রাঞ্জলতা
খ) মননশীলতা
গ) মননশীলতা
ঘ) ভাষারীতির শুদ্ধতা

ত্যাগ্য্য গদ্য বা কবিতার অংশবিশেষের অন্তর্নিহিত মূল ভাবকে সহজ-সরল ও প্রাঞ্জল ভাষায় সংক্ষেপে প্রকাশ করা হয় সারাংশ বা সারমর্ম লেখার পদ্ধতি বা নিয়ম।

৯৬. কোনটি ভাব-সম্প্রসারণের বৈশিষ্ট্য নয়?

- ক) একাধিক অনুচ্ছেদ
খ) বাক্যের পুনরাবৃত্তি
গ) প্রবাদ-প্রবচনের ব্যবহার
ঘ) অভিমত প্রদান

ত্যাগ্য্য একই কথা পুনরাবৃত্তি কিংবা অপ্রাসঙ্গিক বিষয়ের অবতারণা ভাব-সম্প্রসারণের ক্ষেত্রে কাঙ্ক্ষিত নয়। প্রদত্ত কবিতা বা গদ্যের বাক্যের হুবহু ব্যবহার করাও সঙ্গত নয়।

৯৭. কোনটি ভাব-সম্প্রসারণে হুবহু ব্যবহৃত হওয়া উচিত নয়?

- ক) তথ্য
খ) উপমা
গ) অলংকার
ঘ) মূল ছত্র

ত্যাগ্য্য ভাব-সম্প্রসারণে যেহেতু বাক্যাংশ বিকৃত করা হয় সে জন্য তথ্য, উপমা, অলংকার ব্যবহার করে বক্তব্যকে সহজ করা যায়। কিন্তু মূলছত্রকে হুবহু ব্যবহার করা উচিত নয়।

৯৮. যৌগিক ও মিশ্রবাক্যে পৃথক ভাবাপন্ন দুই বা ততোধিক বাক্যের সমন্বয় বা সংযোগ বোঝাতে কোন বিরাম চিহ্ন ব্যবহৃত হয়?

- ক) ড্যাশ
খ) কোলন
গ) সেমিকোলন
ঘ) হাইফেন

ত্যাগ্য্য যৌগিক বা মিশ্র বাক্যে দুই বা ততোধিক বাক্যের সংযোগ বোঝাতে ড্যাশ (-) ব্যবহৃত হয়। অপূর্ণ বাক্যের পরে অন্য একটি বাক্যের অবতারণা করতে কোলন (:), একাধিক স্বাধীন বাক্যকে একটি বাক্যে লিখতে সেমিকোলন (;) ও সমাসবদ্ধপদের অংশগুলো বিচ্ছিন্ন করে লিখতে হাইফেন (-) ব্যবহৃত হয়।

৯৯. কোন ভাষা থেকে বাংলা ভাষার জন্ম হয়েছে?

- ক) ভারতীয় আর্য
খ) সংস্কৃত
গ) ইন্দো-ইউরোপীয়
ঘ) বঙ্গ-কামরূপী

ত্যাগ্য্য বাংলা ভাষার উৎস/উৎপত্তি ইন্দো-ইউরোপীয় ভাষা। ইন্দো-ইউরোপীয় ভাষার ক্রমবিবর্তনের মধ্য দিয়ে গৌড়ী প্রাকৃত/মাগধী প্রাকৃতের বিকৃত রূপ গৌড়ী অপভ্রংশ ভাষা। আর গৌড়ী অপভ্রংশ বঙ্গ-কামরূপী ভাষার পূর্ববর্তী স্তর, তাই গবেষকদের মতে বাংলা ভাষার জন্ম বঙ্গ-কামরূপী থেকে।

১০০. কোন ভাষারীতির পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট?

- ক) কথ্য ভাষা
খ) আঞ্চলিক ভাষা
গ) সাধু ভাষা
ঘ) চলিত ভাষা

ত্যাগ্য্য সাধুভাষা ব্যাকরণের নিয়ম অনুসরণ করে চলে এবং এর পদবিন্যাস সুনিয়ন্ত্রিত ও সুনির্দিষ্ট। এছাড়াও সাধুভাষা গুরুত্বপূর্ণ ও তৎসম শব্দবহুল।



৮ম শিক্কক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন ২০১২

১. বাংলা ভাষার মূল উৎস কোনটি?
 (ক) কানাড়ি ভাষা (খ) বৈদিক ভাষা (গ) হিন্দি ভাষা (ঘ) প্রাকৃত ভাষা
স্বাধীনতা বাংলা ভাষার মূল উৎস প্রাকৃত ভাষা। ড. সুনীতিকুমার চট্টোপাধ্যায়ের মতে, বাংলা ভাষার জন্ম হয়েছে মাগধী প্রাকৃত থেকে। অন্যদিকে, ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, বাংলা ভাষার জন্ম হয়েছে গৌড়ীয় প্রাকৃত থেকে। প্রথম মতামতটি বেশিরভাগ পণ্ডিতের কাছে গ্রহণযোগ্য।
২. রেস্তোরাঁ কোন ভাষার শব্দ?
 (ক) গুলন্দাছ (খ) জাপানি (গ) ফরাসি (ঘ) ইংরেজি
স্বাধীনতা বাংলায় ফরাসি শব্দের সংখ্যা কম এবং অনেক ক্ষেত্রে অন্য মাধ্যমে এগুলো বাংলা ভাষায় প্রবেশ করেছে। শব্দগুলোর মূল উচ্চারণও অনেক পরিবর্তন এসেছে। যেমন- কার্তুজ, কুশন, ডিপো, রেস্তোরাঁ, ক্যাফে, রুজ্জিয়া, কন্দাম, ব্যালো, গ্যারেজ, এলিট, মেনু, কুফে, পিজ্জা, সেমিত্ত, বিয়ুট, এঁশ, জাহাজ, খোরাকি, অঁতাত, ম্যাটিনি, রেনেসাঁ, দিনেমার, ইংরেজ ইত্যাদি।
৩. 'বুনো' কোন ভাষার শব্দ?
 (ক) সংস্কৃত ভাষা (খ) কথ্য ভাষা (গ) আঞ্চলিক ভাষা (ঘ) চলিত ভাষা
স্বাধীনতা যে ভাষারীতিতে ক্রিয়াপদ ও সর্বনাম পূর্ণরূপে ব্যবহৃত হয় তাকে সংস্কৃত ভাষারীতি বলে। যে ভাষারীতিতে ক্রিয়াপদ, সর্বনাম সর্গন্ধিত আকারে ব্যবহৃত হয় তাকে কথ্য বা চলিত ভাষারীতি বলা হয়। কথ্য ভাষা বলতে সংস্কৃত মুখে প্রচলিত যে ভাষায় আমরা কথা বলি তাকে বোঝায়।
৪. বাংলা ভাষায় ঘটি চিহ্নের প্রচলন করেন কে?
 (ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (খ) প্যারীচাঁদ মিত্র
 (গ) ঞ্চরচন্দ্র বিন্দ্যাসাগর (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর
স্বাধীনতা বাংলা গদ্যের জনক ঞ্চরচন্দ্র বিন্দ্যাসাগর মেদিনীপুর জেলার বীরসিংহ এলাকায় জন্মগ্রহণ করেন। তিনি বাংলা গদ্যে ঘটি বা ক্রিয়া চিহ্ন প্রথম ব্যবহার করেন। এছাড়াও হরতাল মতো বেতাল পঞ্জাবিংশতি, শকুন্তলা, সীতার বনবাস, ত্রিভঙ্গিনী, সংস্কৃত ব্যাকরণের উপক্রমিকা, ব্যাকরণ কোমলী (১ম ভাগ-১৮৫৩, ২য় ভাগ-১৮৫৩, ৩য় ভাগ-১৮২৪, ৪র্থ ভাগ-১৮৬২) ইত্যাদি রচনা করেন। অতি অল্প হইল (১৮৭৩), অক্ষর অতি অল্প হইল (১৮৪৯) তার বিখ্যাত ক্রিয়া চিহ্ন কোমলী।
৫. সাধারণত পত্রের দুটি অংশ থাকে- এগুলো কী?
 (ক) প্রেরক ও গ্রাপকের ঠিকানা (খ) নিরোনাম ও পত্রগর্ভ
 (গ) লেখকের স্বাক্ষর ও নাম (ঘ) প্রেরকের ঠিকানা
স্বাধীনতা পত্রগর্ভ বা অন্তর্ভাগ পত্রের মূল অংশ। কেননা এ অংশে পত্র লেখকের উদ্দেশ্য নিহিত থাকে। পত্রগর্ভকে আবার আরও দুটি ভাগে ভাগ করা যায়। যথা: (১) মঙ্গলসূচক শব্দ বা ধর্মীয় রীতিনীতি মাসলিক কথা; (২) পত্র লেখকের ঠিকানা ও তারিখ; (৩) সম্বোধন; (৪) মূলবক্তব্য ও (৫) পত্র লেখকের নাম-স্বাক্ষর। পত্রের বহির্ভাগ বা নিরোনাম পত্রের বাইরের অংশ। এতে পত্র গ্রাপকের নাম ঠিকানা লিপিবদ্ধ থাকে এবং সে অনুযায়ী পত্রটি গ্রাপকের হাতে পৌঁছায়। সেই সাথে প্রেরকের নাম ঠিকানাও লিপিবদ্ধ থাকে।
৬. নিচের কোন বানানটি শুদ্ধ?
 (ক) দুহর্ত (খ) দুইর্ত (গ) দুহর্ত (ঘ) দুহর্ত
স্বাধীনতা দুহর্ত
৭. 'চির অশান্তি' বাগধারাটি কোন অর্থে ব্যবহৃত?
 (ক) ভ্রাতৃত্ব (খ) তামার বিষ
 (গ) রাবণের চিতা (ঘ) আকাশ ভেঙ্গে পড়া
স্বাধীনতা 'চির অশান্তি' বাগধারাটির অর্থ- রাবণের চিতা, 'তামার বিষ' বাগধারাটির অর্থ-অর্ধের কুপ্রভাব, 'ভ্রাতৃত্ব' বাগধারাটির অর্থ- সর্বনাশ এবং 'আকাশ ভেঙ্গে পড়া' বাগধারাটির অর্থ- হঠাৎ বিপদে পড়া।
৮. নিচের বাগধারার কোন জোড়াটি স্তিরার্থক?
 (ক) বকধার্মিক-বিড়াল তপস্বী (খ) মণিকাক্সন যোগ-সোনায় সোহাগা
 (গ) ব্যাঙের আধুলি-ব্যাঙের সর্দি (ঘ) অক্ষের ঘটি-অক্ষের নড়ি

- (ক) ব্যাঙের আধুলি-বিড়াল তপস্বী (খ) মণিকাক্সন যোগ-সোনায় সোহাগা
 (গ) ব্যাঙের আধুলি-ব্যাঙের সর্দি (ঘ) অক্ষের ঘটি-অক্ষের নড়ি
স্বাধীনতা ব্যাঙের আধুলি-বিড়াল তপস্বী বাগধারা জোড়াটির অর্থ ভগ্নস্বপ্ন। মণিকাক্সন যোগ-সোনায় সোহাগা বাগধারা জোড়াটির অর্থ অত্যধিক মানানসই হওয়া। অক্ষের ঘটি-অক্ষের নড়ি বাগধারা জোড়াটির অর্থ একমাত্র অকলঙ্ক। ব্যাঙের সর্দি বাগধারাটির অর্থ অক্ষয় ঘটনা এবং ব্যাঙের আধুলি বাগধারার অর্থ গরিবের অতি সামান্য সম্বল।
৯. 'আশীবিষ' কোন সমাসের উদাহরণ?
 (ক) বহুব্রীহি সমাস (খ) দ্বিগু সমাস (গ) দ্বন্দ্ব সমাস (ঘ) নিত্য সমাস
স্বাধীনতা 'আশীবিষ' (আশীতে বিষ যার) ব্যাধিকরণ বহুব্রীহি। যে সমাসে সমস্যমান পদগুলোর কোনোটিই না বুঝিয়ে পরপদ অর্থাৎ অন্য কোনো পদের ব্যক্তির বা ক্রুর অর্থ প্রাধান্য পায় তাকে বহুব্রীহি সমাস বলে। যেমন- বহুব্রীহি (ধান) আছে যার = বহুব্রীহি, ছন্দমতি যার = ছন্দমতি ইত্যাদি।
১০. সমাস সাধিত পদ কোনটি?
 (ক) চাষী (খ) মানব (গ) দম্পতি (ঘ) বোনাই
স্বাধীনতা সমাস সাধিত পদ দম্পতি। দম্পতি শব্দের ব্যাসবাক্য- জায়া ও পতি। এটি দ্বন্দ্ব সমাস।
১১. 'ব্যাকরণ' কোন ভাষার শব্দ?
 (ক) বাংলা (খ) সংস্কৃত (গ) পর্তুগীজ (ঘ) হিন্দি
স্বাধীনতা ব্যাকরণ হচ্ছে কোনো ভাষা স্ক্রুপে শেখার সহায়ক শাস্ত্র। ব্যাকরণের বিশ্লেষণ হচ্ছে বি + আ + কৃ + অন = ব্যাকরণ। 'ব্যাকরণ' সংস্কৃত ভাষার শব্দ। সংস্কৃত 'ব্যাকরণ' শব্দের অর্থ হলো বিশ্লেষণ বা বিশ্লেষণ। অর্থাৎ ব্যুৎপত্তিসংক্রান্ত দিক থেকে ব্যাকরণ শব্দের অর্থ হচ্ছে বিশ্লেষণ বা বিশ্লেষণ। ব্যাকরণকে ভাষার সংবিধান বলা হয়।
১২. 'উদ্ধৃতি চিহ্ন' কত প্রকার?
 (ক) দুই প্রকার (খ) তিন প্রকার (গ) চার প্রকার (ঘ) পাঁচ প্রকার
স্বাধীনতা উদ্ধৃতি চিহ্ন দুই প্রকার। অন্যের লেখা অবিকল উদ্ধৃতি অক্ষর উদ্ধৃতি কেবল উদ্ধৃতি। উদ্ধৃতির শুরুতে ও শেষে উদ্ধৃতি চিহ্ন ব্যবহার করা হয়। যেমন- 'যাহা চাই তাহা জুল করে চাই, যাহা পাই তাহা চাই না।'
১৩. 'কাঁকা আওয়াজে কাজ আদায়'-এর সমার্থক বাগধারা কোনটি?
 (ক) কলকাঠি নাড়া (খ) কুপোকাৎ
 (গ) কালে ভদ্রে (ঘ) কথায় চিড়া ভেজা
স্বাধীনতা 'কাঁকা আওয়াজে কাজ আদায়'-এর সমার্থক বাগধারা হলো কথায় চিড়া ভেজা। কলকাঠি নাড়া বাগধারার অর্থ-গোপনে প্ররোচনা দেয়া। কুপোকাৎ বাগধারার অর্থ-পরাজিত। কালে ভদ্রে বাগধারার অর্থ-কদাচিত।
১৪. নিচের কোনটি পারিভাষিক শব্দ?
 (ক) টপার (খ) গাছ (গ) মন্ত্রিপরিষদ (ঘ) বালতি
স্বাধীনতা মন্ত্রিপরিষদ একটি পারিভাষিক শব্দ। 'টপার' শব্দটি একটি দেশী শব্দ। 'বালতি' একটি পর্তুগীজ শব্দ।
১৫. 'হরতাল' কোন ভাষার শব্দ?
 (ক) পাজ্জাবি (খ) হিন্দি (গ) জাপানি (ঘ) গুজরাটি
স্বাধীনতা হরতাল, জয়ন্তি গুজরাটি শব্দ। চাহিদা, শিখ পাজ্জাবি শব্দ। রিকশা, হারিকিরি, প্যাগোডা, সাম্পান ইত্যাদি জাপানি শব্দ।
১৬. নিচের কোন বাক্যটি শুদ্ধ?
 (ক) 'গীতাঞ্জলি' পড়েছি কিং (খ) এ কথা প্রমাণ হয়েছে।
 (গ) অল্প দিনের মধ্যে তিনি আরোগ্য হলেন। (ঘ) আবশ্যিক ব্যয়ে কার্পণ্য করা অনুচিত।
স্বাধীনতা গীতাঞ্জলি পড়েছি কিং
১৭. নিচের কোন শব্দটি 'দক্ষ' অর্থে ব্যবহৃত হয়েছে?
 (ক) পাকা আম খেতে মিষ্টি (খ) ছেলেটি অংকে পাকা
 (গ) পাকা সোনায় খাদ থাকে না (ঘ) শাড়িটির রং পাকা
স্বাধীনতা পাকা আম খেতে মিষ্টি
১৮. 'সমুদ্র' শব্দের সমার্থক শব্দ কোনটি?
 (ক) তরঙ্গিনী (খ) তটিনী (গ) হিলোল (ঘ) পাখার
স্বাধীনতা 'সমুদ্র' শব্দের কতিপয় সমার্থক শব্দ-সাগর, সিঙ্ক, বারিধি, জলধি, অর্ধব, পারাপার, রত্নাকর, জলনিধি, নীলাশ্ব, সরোধি, পাখার, বারীশ, উর্ধ্ব, পয়োনিধি প্রভৃতি। অন্যদিকে, তরঙ্গিনী ও তটিনী হচ্ছে নদী শব্দের সমার্থক। হিলোল হচ্ছে তরঙ্গ বা ঢেউ-এর সমার্থক শব্দ।

১৯. সারাগে কোন পুঙ্কবে লিখতে হয়?

- ক) উত্তম পুঙ্কবে
খ) প্রথম পুঙ্কবে
গ) মধ্যম পুঙ্কবে
ঘ) উপরের সবগুলো

২০. ইলেক বা লোপ চিহ্ন দিতে হয়-

- ক) বিলুপ্ত বর্ণের জন্য
খ) প্রত্যক্ষ উক্তি জন্ম
গ) উচ্চারণ চিহ্নের পূর্বে
ঘ) সমাসবদ্ধ পদের জন্য

সূত্র ইলেক বা লোপ চিহ্ন দিতে হয় বিলুপ্ত বর্ণের জন্য। কোনো পদ বা শব্দের মধ্যে একটি বর্ণ লেখা না হলে বা লোপ পেলো এ চিহ্ন বসে। একে উর্ধ্ব কমাও বলে। যেমন- হইল = হ'ল, যাইবে = যা'বে।

২১. প্রবাসী বন্ধুকে লেখা পত্রের ঠিকানা কোন ভাষায় লিখতে হয়?

- ক) বাংলা ভাষায়
খ) অবস্থানকারী দেশের ভাষায়
গ) প্রেরকের নিজের ভাষায়
ঘ) ইংরেজি ভাষায়

২২. 'পরীক্ষা' শব্দটির সঠিক সন্ধি বিশ্লেষণ কোনটি?

- ক) পরী + ইক্ষা
খ) পরি + ইক্ষা
গ) পরী + ইক্ষা
ঘ) পরি + ইক্ষা

২৩. জাবের সুসংগত প্রসারণের নাম কী?

- ক) ভাবার্থ
খ) মর্মার্থ
গ) সারভাব
ঘ) অব-সংশসারণ

২৪. 'সময়ে কাজে না লাগলে অসময়ে পথে ফেরানো কঠিন' —এই অর্থের সাথে প্রযোজ্য প্রবচন কোনটি?

- ক) নির্জন পুরুষের ভোজন সার, করেন সদাই মার মার
খ) উঠন্তি মূলো পস্তনেই চেনা যায়
গ) নদী, নারী, শূন্যধারী— এ তিনে না বিশ্বাস করি
ঘ) কাঁচায় না নোয়ালে বাঁশ, পাকলে করে ঠাস ঠাস

২৫. সারাগে কোনটি প্রয়োজন নেই?

- ক) অলঙ্কার
খ) প্রাক্কলতা
গ) সরলতা
ঘ) সংক্ষেপণ

২৬. আমি তাকে দু'বছর যাবৎ চিনি।

- ক) I have been knowing her for two years.
খ) I have known her for two years.
গ) I know her for two years.
ঘ) I am knowing her for two years.

সূত্র ইংরেজিতে কিছু verb রয়েছে যেগুলোর continuous রূপ অর্থাৎ Continuous tense হয় না। like, feel, know ইত্যাদি এদের অন্যতম। তাই প্রদত্ত translation করার সময় বাক্যটি Present perfect continuous হওয়া সত্ত্বেও একে Present perfect tense-এ রূপান্তরিত করে নিতে হয়েছে। তাই সঠিক উত্তর (খ)।

২৭. সূর্য উঠেছে।

- ক) The sun has up.
খ) The sun had been up.
গ) The sun is up.
ঘ) The sun has been up.

সূত্র Option চারটির মধ্যে প্রদত্ত Option (ক) সঠিক নয় কারণ এখানে মূল verb-এর অস্তিত্ব নেই। Option (গ) Past perfect tense যা অযৌক্তিক। Option (ঘ) আক্ষরিক অর্থে সঠিক হলেও রীতিসিদ্ধ নয়। একমাত্র Option (খ) সবদিক বিবেচনায় সঠিক। সুতরাং সঠিক উত্তর (খ)।

২৮. সে গতকাল বাড়ি এসেছে।

- ক) He had come home yesterday.
খ) He has come home last day.
গ) He came home yesterday.
ঘ) He had been come home yesterday.

সূত্র প্রদত্ত বাক্যে 'গতকাল' থাকায় এটি Past indefinite tense-এর উদাহরণ, যার বাক্য গঠনের নিয়ম হচ্ছে Sub + verb-এর past form + extension। সুতরাং নিয়মানুসারে (গ)ই সঠিক।

২৯. মেয়েটিকে আমি পথের পাশে ফুল বিক্রি করতে দেখেছিলাম।

- ক) I had seen the nice girl beside the road to sell flowers.
খ) I saw the girl on the road to sell the flowers.
গ) I saw the girl beside the road to sell the flowers.
ঘ) I was seeing the girl beside the road to sell flowers.

সূত্র Option (ক) তে প্রদত্ত বাক্যটি ভুল। কারণ বাংলা বাক্যটি Past indefinite tense-এর অর্থ had seen ব্যবহার করা হয়েছে যা কেবল Past perfect tense এ ব্যবহৃত হয়। আবার option (খ) তে হাতীর পাশে অর্থে on the road ব্যবহার করা হয়েছে এটাও ভুল কারণ পাশে ইংরেজি হলো beside. আবার option (ঘ) তে see verb কে continuous করা হয়েছে যা ইংরেজিতে সমর্থন করা হয় না। অন্যদিকে option (গ) তে প্রদত্ত বাক্যটি সবদিক থেকে সঠিক। সুতরাং সঠিক উত্তর হলো (গ)।

৩০. মোস্তারীরা চার বোন।

- ক) Mostari and her sisters are four in numbers.
খ) Mostari has four sisters.
গ) Mostari has three sisters.
ঘ) Mostaris have four sisters.

সূত্র প্রদত্ত বাক্যে বোঝানো হচ্ছে যে, মোস্তারী এবং তার বোনদেরকে নিয়ে তারা সংখ্যায় চার (৪) জন। এ কথা বলা হয়নি যে, মোস্তারীর চার বোন আছে। সুতরাং সঠিক উত্তর (ক)।

৩১. লক্ষ্মী আজ স্কুলে আসে নাই।

- ক) Laxmi does not come to school today.
খ) Laxmi did not come to school that day.
গ) Laxmi has not come to school today.
ঘ) Laxmi has not been come to school today.

সূত্র বাংলায় যখন কোনো বাক্যে ইয়াছি/ইয়াছ/ইয়াছে এরূপ অর্থ ধারণ করে তখন ইংরেজিতে Present tense হয়। এক্ষেত্রে প্রদত্ত option-গুলোর মধ্যে (গ) সঠিক কারণ লক্ষ্মী স্কুলে আসেনি। বাক্যটি লক্ষ্মী স্কুলে এসেছে এই বাক্যটির না-বোধক অর্থ জ্ঞাপন করছে যা Present perfect-এর ইঙ্গিত বহন করছে। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩২. It is really a vexed question.

- ক) এটি প্রকৃতপক্ষে একটি অসহনীয় প্রশ্ন
খ) বাস্তবিকই এটি একটি বিরক্তিকর প্রশ্ন
গ) এটি প্রকৃতপক্ষে একটি বিরক্তিকর প্রশ্ন
ঘ) এটি আসলেই বাজে প্রশ্ন

৩৩. The clouds rolled away.

- ক) মেঘ চলে গ্যাছে
খ) মেঘ উড়ে গেল
গ) মেঘ কেটে গেল
ঘ) মেঘ চলে গেল

সূত্র বিপদ চলে যাওয়া বা বিপদ থেকে বেঁচে যাওয়াকে আমরা বলি 'বিপদ কেটে যাওয়া'। মেঘকে বিপদের সমার্থক ধরা হয় বিধায় মেঘের চলে যাওয়া বা সরে যাওয়াকেও 'কেটে যাওয়া' হিসেবে ব্যবহৃত হয়। সুতরাং শব্দের এরূপ ব্যবহারের কারণেই (খ) সঠিক।

৩৪. A little learning is a dangerous thing.

- ক) ভাল লেখাপড়া ভীষণ ভয়ংকর
খ) স্বল্পবিদ্যা ভয়ংকরী
গ) অল্প বিদ্যা ভয়ংকর
ঘ) সামান্য বিদ্যা ভীষণ ভয়ংকর

[Note : প্রদত্ত Sentence টি একটি Proverb যার অর্থ- অল্পবিদ্যা ভয়ংকরী। কিন্তু option-গুলোর মধ্যে কোনোটিই সম্পূর্ণরূপে সঠিক অর্থ দিচ্ছে না।]

৩৫. Sathi is known to me.

- ক) সাথী আমার চেনা
খ) সাথী আমার আত্মীয়
গ) সাথী আমার পরিচিত
ঘ) সাথীকে আমি চিনি

সূত্র Voice, tense এবং mood সবকিছু বিবেচনা করলে দেখা যায় প্রদত্ত option-গুলোর মধ্যে option (গ) সঠিক অর্থ জ্ঞাপন করছে। অন্য option-গুলো কোনো না কোনোভাবে ভ্রটিপূর্ণ। সুতরাং সঠিক উত্তর (গ)।

৩৬. Time and tide wait for none.

- ক) সময় ও জল কারও জন্য থেমে থাকে না।
খ) সময় ও জল অপেক্ষা করে না কখনও।
● সময় ও জলস্রোত কারও জন্য অপেক্ষা করে না।
ঘ) সময় ও স্রোত কখনও অপেক্ষা করে থাকে না।

ত্যাগ্য ইংরেজি proverbs বা প্রবাদ বাক্যগুলো বাংলা ভাষায় বিভিন্ন মনীষী, সাহিত্যিক বা পণ্ডিত ব্যক্তি কর্তৃক বিভিন্ন সময়ে অনূদিত হয়েছে। তাই যথার্থ বিবেচনায় option (গ) তে প্রদত্ত বাক্যটিই সর্বদিক থেকে যথার্থ।

৩৭. Don't cry down your enemy.

- শত্রুকে খাটো করে দেখো না। খ) শত্রু থেকে দূরে থেকে।
গ) শত্রুকে ছোট ভাবতে নাই। ঘ) শত্রুকে আপন ভেবো না।

ত্যাগ্য Cry down হলো নিন্দা করা বা খাটো করে দেখা।

৩৮. Certainly, I shall stand by you (Complex).

- ক) I shall stand by you and it is certain.
● It is certain that I shall stand by you.
গ) It is certainly that I shall stand by you.
ঘ) There is no doubt that I shall stand by you.

ত্যাগ্য Simple sentence কে complex করার সময় দুটি clause বা বাক্যাংশ সৃষ্টি করতে হয়। এখানে certainly কে ভেঙ্গে It is certain এরূপ একটি clause তৈরি করা হয়েছে এবং that-কে Sub-ordinating conjunction করা হয়েছে যা option (খ)-তেই বিদ্যমান। সুতরাং সঠিক উত্তর (খ)।

৩৯. I had a nice dream last night (Interrogative).

- ক) Didn't I had a nice dream last night?
● Did not I have a nice dream last night?
গ) Had not I have a nice dream?
ঘ) Had I have a nice dream last night?

ত্যাগ্য Past Indefinite Tense-এর বাক্যকে প্রশ্নবোধক করার সময় বাক্যের শুরুতে Did বসে + Subject + মূল verb-এর present রূপ + বাকি অংশ + ? চিহ্ন। এ নিয়মানুসারে option (খ) তে+ প্রদত্ত বাক্যটি সঠিক। এখানে আরেকটি বিষয় মনে রাখতে হবে যে, Negative-interrogative sentence হ্যাঁ-বোধক বা Affirmative এর অর্থ প্রকাশ করে।

৪০. Although he is poor, he is honest (Simple).

- ক) Despite his poor, he is honest.
খ) Despite his honesty, he is poor.
● Despite his poverty, he is honest.
ঘ) In spite of having poor, he is honest.

ত্যাগ্য Though বা Although যুক্ত Complex sentence কে simple করার সময় এদের পরিবর্তে In spite of/Despite ব্যবহৃত হয় এবং Despite/In spite of-এর পর subject-এর possessive case হয় + noun বসে অথবা verb-এর Present participle হয়। এসব বিবেচনায় option (গ) তে প্রদত্ত বাক্যটি প্রশ্নে প্রদত্ত Complex sentence-টির সঠিক রূপান্তর।

৪১. It burns the prettiest of any wood (Positive).

- ক) No other wood is as pretty as it burns.
খ) No other wood burns is as pretty as it.
● No other wood burns as pretty as it.
ঘ) No other wood burn as pretty as it.

ত্যাগ্য Subject + verb + the + superlative degree এই ফর্মুলার Superlative degree-এর বাক্যকে Positive degree তে রূপান্তরের সময় শুরুতে No other হয় + singular noun বসে + verb + as + positive degree + as + প্রদত্ত superlative degree যুক্ত বাক্যের subject বসে। এক্ষেত্রে সঠিক উত্তর (গ)।

৪২. There is only a high school at Satkhira (Negative).

- ক) Not more than a high school is at Satkhira.
● There is not more than a high school at Satkhira.
গ) There is a few school at Satkhira.
ঘ) There is nothing but a school at Satkhira.

ত্যাগ্য Only যুক্ত হ্যাঁ-বোধক বাক্যকে না-বোধক করার সময় only দ্বারা যদি সংখ্যা বুঝায় তাহলে only-এর পরিবর্তে not more than ব্যবহৃত হয়। প্রশ্নে প্রদত্ত বাক্যটিকে only দ্বারা high school-এর সংখ্যা বুঝাচ্ছে। তাই সঠিক উত্তর option (খ)।

৪৩. Akhi missed the train (Negative).

- Akhi did not catch the train. খ) Akhi did not get the train.
গ) Akhi did not get into the train. ঘ) Akhi does not get on the train.

ত্যাগ্য Past indefinite tense-এর বাক্যকে না-বোধক করার সময় subject-এর পর did not বসে এবং মূল verb-এর present রূপ হয়। এক্ষেত্রে প্রয়োজনানুসারে উপযুক্ত বিপরীত শব্দ ব্যবহৃত হয়। এসব বিবেচনায় option (ক) তে প্রদত্ত বাক্যটি সঠিক।

৪৪. I knew his name (Complex).

- ক) I know what is his name. খ) I know what his name was.
গ) I know what was his name. ঘ) I knew what name is.

[Note : প্রশ্নে I knew his name এ ধরনের Simple sentence কে complex করার সময় মূল verb-এর পর একটি relative pronoun (এখানে what) ব্যবহৃত হয় এবং এর পর পুনরায় subject এবং তার পর finite verb বসে। কিন্তু প্রশ্নে option-গুলোর মধ্যে কোথাও এরূপ নেই। কার্য এ বাক্যটির complex হবে I knew what his name was.]

৪৫. We shall not see his like again. Here 'like' is a/an—

- ক) Adverb ● Noun
গ) Preposition ঘ) Adjective

ত্যাগ্য ইংরেজিতে like শব্দটিকে বিভিন্ন Parts of speech এ ব্যবহার করা হয়। প্রদত্ত বাক্যে like-কে noun হিসেবে ব্যবহার করা হয়েছে অর্থাৎ বলা হচ্ছে যে-আমরা পুনরায় তার পছন্দ দেখব না। উল্লেখ্য, my, our, your, his, her, their ইত্যাদি possessive adjective-এর পর সর্বদা noun অবস্থান গ্রহণ করে। যেমন—my book, our school, his pen ইত্যাদি। সুতরাং নিঃসন্দেহে সঠিক উত্তর (খ)।

৪৬. What is the noun form of 'know'?

- ক) Knowing ● Knowledge
গ) Known ঘ) Knowledge able

ত্যাগ্য Know শব্দটি একটি verb যার অর্থ জানা। এর Noun রূপ হলো, knowledge বা জ্ঞান। সুতরাং প্রশ্নে option-গুলোর মধ্যে সঠিক উত্তর (খ)।

৪৭. Shahed did not join the army. Here the word 'army' is—

- ক) an abstract noun খ) a common noun
● a collective noun ঘ) a material noun

ত্যাগ্য প্রশ্নে Army-এর অর্থ সৈন্যদল যাদের বৈশিষ্ট্য একত্রিত হওয়া থাকে। option (ক) তে প্রদত্ত Abstract noun সঠিক উত্তর নয়। কারণ Abstract noun দ্বারা কোনো গুণের নামকে বুঝায়। (খ) তে প্রদত্ত common noun সঠিক নয় কারণ সৈনিক একটা জাতিভুক্ত নাম হলেও এরা সংঘবদ্ধ হওয়া অবস্থান গ্রহণ করে। আবার option (ঘ) তে প্রদত্ত material noun ও সঠিক নয়। কারণ material noun বলতে কোনো বস্তু বা প্রাণীর মূল উপাদান বুঝায় যা গুরু বা পরিমাপ করা হয়। অন্যদিকে option (গ)-তে প্রদত্ত collective noun সঠিক উত্তর কারণ Army বা সৈন্যদল এই শ্রেণীভুক্ত। সুতরাং সঠিক উত্তর (গ)।

৪৮. The road runs — hill and plain.

- ক) by খ) to
● across ঘ) over

৫৯. ল. সা. গ. নির্ণয় করুন।

$$a^3 - 1, 1 + a^3, 1 + a^2 + a^4$$

- $a^6 - 1$ ৩) $(a-1)(a^3+1)$
 ১) $(a^4+1)(a-1)$ ৪) a^6+1

১ম রাশি = $a^3 - 1 = (a-1)(a^2+a+1)$
 ২য় রাশি = $1 + a^3 = (1+a)(1-a+a^2) = (a+1)(a^2-a+1)$
 ৩য় রাশি = $1 + a^2 + a^4 = a^4 + 2a^2 + 1 - a^2 = (a^2+1)^2 - a^2$
 $= (a^2+1+a)(a^2+1-a)$
 $= (a^2+a+1)(a^2-a+1)$
 \therefore নির্ণয় ল.সা.গ. $(a+1)(a-1)(a^2-a+1)(a^2+a+1)$
 $= (a^3+1)(a^3-1) = a^6-1$


৬০. $\log_x 324 = 4$ হলে, x -এর মান কত?

- $3\sqrt{2}$ ৩) $\sqrt{3}$ ১) $\sqrt{2}$ ৪) $\sqrt{32}$

১) $\log_x 324 = 4$
 $\therefore x^4 = 324$
 $\Rightarrow x^4 = 81 \times 4$
 $\Rightarrow x^4 = 9^2 \times 2^2$
 $\Rightarrow x^4 = (3\sqrt{2})^4$
 $\therefore x = 3\sqrt{2}$

৬১. $\triangle ABC$ -এ AD , $\angle A$ -এর সমদ্বিখণ্ডক এবং $\angle ADB$ সূক্ষ্মকোণ হলে-

- ৩) $AD > AC$ ৪) $AB > AC$
 ● $AB < AC$ ৫) $BD < CD$



১) $\triangle ABC$ এ $\angle BAD = \angle CAD$
 $\therefore \angle ABC > \angle ACB$ ($\because \angle ADB < \angle ADC$)
 $\therefore AC > AB$
 অর্থাৎ $AB < AC$

৬২. একটি ত্রিভুজের যে কোনো একটি কোণ অপর দুটি কোণের সমষ্টির সমান হলে ত্রিভুজটি কোন ধরনের?


- ৩) সূক্ষ্মকোণী ৪) সূক্ষ্মকোণী
 ● সমকোণী ৫) সমবাহু

১) ধরি, বড় কোণ = x
 \therefore অপর দুই কোণের সমষ্টি = x
 শর্তমতে, $x + x = 180^\circ$
 $\Rightarrow 2x = 180^\circ$
 $\therefore x = 90^\circ$

অর্থাৎ ত্রিভুজটি সমকোণী।

৬৩. একটি সমবাহু ত্রিভুজের উভয় দিকে বর্ধিত করলে দুটি বহিঃকোণ উৎপন্ন হয়, তাদের সমষ্টি কত?

- ৩) 120° ৪) 60° ● 240° ৫) 100°



১) $\angle ABD + \angle ABC = 180^\circ$

$$\Rightarrow \angle ABD + 60^\circ = 180^\circ$$

$$\Rightarrow \angle ABD = 120^\circ$$

আবার, $\angle ACE + \angle ACB = 180^\circ$

$$\Rightarrow \angle ACE + 60^\circ = 180^\circ$$

$$\Rightarrow \angle ACE = 120^\circ$$

$$\therefore \angle ABD + \angle ACE = 120^\circ + 120^\circ = 240^\circ$$

৬৪. বৃত্তের উপরস্থ কোনো বিন্দুতে কয়টি স্পর্শক আঁকা যায়?

- একটি ৩) চারটি
 ১) দুইটি ৪) তিনটি

৬৫. \triangle -এর তিন কোণের সমষ্টি-

- ৩) 80° ৪) 120°
 ১) 160° ● 180°

১) ত্রিভুজের তিন কোণের সমষ্টি দুই সমকোণ বা 180° ।

৬৬. $\tan A = 1$ হলে, A -এর মান কত ডিগ্রি?

- 45° ৩) 30°
 ১) 60° ৪) 70°

১) $\tan A = 1$

$$\Rightarrow \tan A = \tan 45^\circ$$

$$\therefore A = 45^\circ$$

৬৭. নিচের কোনটি সঠিক?

- ৩) $\tan \theta = \frac{1}{\cos \theta}$ ৪) $\tan \theta = \cos \theta$
 ● $\tan \theta = \frac{1}{\cot \theta}$ ৫) $\tan \theta = \frac{\cos \theta}{\sin \theta}$

৬৮. একটি খুঁটি ভেঙ্গে গিয়ে ভূমির সাথে 30° কোণ উৎপন্ন করে। অংশের দৈর্ঘ্য 16 মিটার হলে দণ্ডায়মান অংশের দৈর্ঘ্য কত মিটার?


- 8 মিটার ৩) $8\sqrt{3}$ মিটার
 ১) $16\sqrt{3}$ মিটার ৪) 16 মিটার

১) $\sin \theta = \frac{\text{লম্ব}}{\text{অতিভুজ}}$

$$\Rightarrow \sin 30^\circ = \frac{x}{16}$$

$$\Rightarrow \frac{1}{2} = \frac{x}{16}$$

$$\therefore x = 8$$



৬৯. $\sec \theta + \tan \theta = \frac{5}{2}$ হলে, $\sec \theta - \tan \theta$ -এর মান কত?

- ৩) $\frac{9}{4}$ ● $\frac{2}{5}$
 ১) 3 ৪) $\frac{25}{4}$

১) $\sec \theta + \tan \theta = \frac{5}{2}$

$$\Rightarrow \frac{(\sec \theta + \tan \theta)(\sec \theta - \tan \theta)}{\sec \theta - \tan \theta} = \frac{5}{2}$$

$$\Rightarrow \frac{\sec^2 \theta - \tan^2 \theta}{\sec \theta - \tan \theta} = \frac{5}{2}$$

$$\Rightarrow \frac{1}{\sec \theta - \tan \theta} = \frac{5}{2}$$

$$\therefore \sec \theta - \tan \theta = \frac{2}{5}$$

৭০. যদি $A = 45^\circ$ হয়, তবে $\cos 2A$ -এর মান কত?

- (ক) 1 (খ) $\frac{1}{\sqrt{2}}$
 (গ) 0 (ঘ) $\frac{1}{2}$

সমাধান $\cos 2A = \cos (2 \times 45^\circ) = \cos 90^\circ = 0$

৭১. যদি একটি সমকোণী ত্রিভুজের সমকোণ সন্দেশ বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 5 সেমি ও 12 সেমি হয়, তবে ত্রিভুজের অতিভুজের দৈর্ঘ্য কত?

- (ক) 9 সেমি (খ) 13 সেমি
 (গ) 12 সেমি (ঘ) 10 সেমি

সমাধান সমকোণী ত্রিভুজের সমকোণ সন্দেশ বাহুদ্বয়ের দৈর্ঘ্য যথাক্রমে 5 সেমি ও 12 সেমি হয় তবে অতিভুজের দৈর্ঘ্য $= \sqrt{5^2 + 12^2} = \sqrt{25 + 144} = \sqrt{169} = 13$ সেমি

৭২. নিচের কোনটি ঘূর্ণন ক্ষেত্রের নির্দেশ করে?

- (ক) 2π (খ) $\frac{4}{3}\pi r^3$
 (গ) $4\pi r^2$ (ঘ) πr^2

সমাধান বৃত্তের ক্ষেত্রফল $= \pi r^2$

বৃত্তের পরিধি $= 2\pi r$

গোলকের তলের ক্ষেত্রফল $= 4\pi r^2$

গোলকের আয়তন $= \frac{4}{3}\pi r^3$

৭৩. বৃত্তের পরিধি ও ব্যাসের অনুপাত কোনটি?

- (ক) ২২ : ৭ (খ) ৭ : ২২
 (গ) ২২ : ৬ (ঘ) ২২ : ৫

সমাধান বৃত্তের ব্যাসার্ধ r হলে বৃত্তের ব্যাস $= 2r$ এবং পরিধি $= 2\pi r$

\therefore পরিধি : ব্যাস $= 2\pi r : 2r = \pi : 1 = \frac{22}{7} : 1 = 22 : 7$

৭৪. একটি বৃত্তের কর্ণদ্বয় 40 সেমি ও 60 সেমি। এর ক্ষেত্রফল কত বর্গ সেমি?

- (ক) 2400 বর্গ সেমি (খ) 1200 বর্গ সেমি
 (গ) 144 বর্গ সেমি (ঘ) 3600 বর্গ সেমি

সমাধান বৃত্তের ক্ষেত্রফল $= \frac{1}{2} \times$ কর্ণদ্বয়ের গুণফল

$= \frac{1}{2} \times 60 \times 40 = 1200$ বর্গ সেমি

৭৫. একটি সমান্তর ধারার 12তম পদ 77 হলে, তার প্রথম 23 পদের সমষ্টি কত?

- (ক) 1771 (খ) 1176 (গ) 1056 (ঘ) 2025

সমাধান n তম পদ $= a + (n-1)d$

\therefore 12 তম পদ $= a + (12-1)d$

$\Rightarrow 77 = a + 11d$

n সংখ্যক পদের সমষ্টি $= \frac{n}{2} [2a + (n-1)d]$

\therefore 23টি পদের সমষ্টি $= \frac{23}{2} [2a + (23-1)d]$

$= \frac{23}{2} (2a + 22d)$

$= 23(a + 11d) = 23 \times 77 = 1771$

৭৬. কোন বাংলাদেশী দুইবার এডভোকেট শূন্য বাংলাদেশের পতাকা উত্তোলন করেন?

- (ক) মুসা ইব্রাহীম (খ) নিশাত মজুমদার
 (গ) এমএ মুহিত (ঘ) ওয়াসফিয়া নাজরীন

সমাধান এম. এ মুহিত দুবার এডভোকেট শূন্য বাংলাদেশের পতাকা উত্তোলন করেন। মুসা ইব্রাহীম (লালমনিরহাট; ২৩ মে ২০১০) প্রথম বাংলাদেশী এডভোকেট বিজয়ী। নিশাত মজুমদার (লক্ষ্মীপুর; ১৯ মে ২০১২) এডভোকেট বিজয়ী প্রথম বাংলাদেশী নারী। দ্বিতীয় নারী ও চতুর্থ বাংলাদেশী হিসেবে ওয়াসফিয়া নাজরীন (ফেনী; ২৬ মে ২০১২) এডভোকেট জয় করেন।

৭৭. কবি জসীমউদ্দীনের 'কবর' কবিতাটি কোন পত্রিকায় প্রথম প্রকাশিত হয়?

- (ক) কালি ও কলম পত্রিকা (খ) ধূমকেতু পত্রিকা
 (গ) তত্ত্ববোধিনী পত্রিকা (ঘ) কল্লোল পত্রিকা

সমাধান পট্টকবি জসীমউদ্দীনের 'কবর' কবিতাটি ১৯২৩ সালে 'কল্লোল' পত্রিকায় প্রথম প্রকাশিত হয়। কল্লোল পত্রিকার সম্পাদক ছিলেন দীনেশরঞ্জন দাশ। কালি-কলম (মাসিক) ১৯২৬ সালে প্রথম প্রকাশিত হয়। এ পত্রিকার সম্পাদক ছিলেন শৈলজানন্দ মুখোপাধ্যায়। ধূমকেতু ১৯২২ সালে প্রথম প্রকাশিত হয়। কাজী নজরুল ইসলাম ধূমকেতু পত্রিকার সম্পাদক ছিলেন। তত্ত্ববোধিনী ১৮৪৩ সালে প্রথম প্রকাশিত হয়। এ পত্রিকার সম্পাদক ছিলেন অক্ষয় কুমার দত্ত।

৭৮. মালয়েশিয়ার প্রশাসনিক রাজধানীর নাম কি?

- (ক) কুয়ালালামপুর (খ) পুত্রজায়া
 (গ) পিনাং (ঘ) কুয়াংটোন

সমাধান মালয়েশিয়ার রাজধানীর নাম কুয়ালালামপুর। মালয়েশিয়ার প্রশাসনিক রাজধানীর নাম পুত্রজায়া। পিনাং ও কুয়াংটোন মালয়েশিয়ার দুটি রাজ্য।

৭৯. বাংলাদেশ জাতিসংঘের কততম সদস্য?

- (ক) ১৩৬তম (খ) ১৩৭তম
 (গ) ১৩৮তম (ঘ) ১৩৯তম

সমাধান জাতিসংঘ প্রতিষ্ঠিত হয় ২৪ অক্টোবর ১৯৪৫ সালে। বাংলাদেশ জাতিসংঘের ১৩৬তম সদস্য। জাতিসংঘের বর্তমান সদস্য ১৯৩। সর্বশেষ সদস্য হিসেবে দক্ষিণ সুদান ১৪ জুলাই ২০১১ জাতিসংঘের সদস্য পদ লাভ করে।

৮০. রক্ত জমাট বাঁধার জন্য কোনটির প্রয়োজন নেই?

- (ক) অণুচক্রিকা (খ) হরমোন
 (গ) ফিব্রিনোজেন (ঘ) প্রোথ্রম্বিন

সমাধান রক্তে ফিব্রিনোজেন, প্রোথ্রম্বিন, অণুচক্রিকা ও ক্যালসিয়াম আয়ন থাকে। যখন কোনো স্থান কেটে যায় ও রক্ত গড়িয়ে পড়ে তখন ফিব্রিনোজেন ও অন্যান্য উপাদান মিলে জালের মত আবরণী সৃষ্টি করে। ফলে রক্ত জমাট বাঁধে। তবে রক্ত জমাট বাঁধার জন্য হরমোনের প্রয়োজন নেই।

৮১. কত বছর পর পর হ্যালির ধূমকেতু দেখা যায়?

- (ক) ৫৬ বছর (খ) ৬৫ বছর
 (গ) ৭৬ বছর (ঘ) ৮৫ বছর

সমাধান হ্যালির ধূমকেতু ৭৬ বছর পর পর দেখা যায়। ১৭৫৯, ১৮৩৫, ১৯১০ ও ১৯৮৬ সালে হ্যালির ধূমকেতু দেখা গেছে।

৮২. একজন পূর্ণবয়স্ক মানুষের দেহে রক্ত থাকে—

- (ক) ২-৩ লিটার (খ) ৩-৪ লিটার
 (গ) ৪-৫ লিটার (ঘ) ৫-৬ লিটার

৮৩. এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা কে?

- (ক) লর্ড মাউন্টব্যাটন (খ) স্যার পি জে হার্টজ
 (গ) স্যার উইলিয়াম জোন্স (ঘ) লর্ড ক্যানিং

সমাধান এশিয়াটিক সোসাইটি ১৭৮৪ সালে কলকাতায় প্রতিষ্ঠিত হয়। এশিয়াটিক সোসাইটির প্রতিষ্ঠাতা স্যার উইলিয়াম জোন্স। স্যার উইলিয়াম জোন্স সুপ্রিম কোর্টের তৎকালীন কনিষ্ঠ বিচারক ছিলেন। এটি একটি আন্তর্জাতিক অরাজনৈতিক ও বৈজ্ঞানিক সংগঠন। বাংলাদেশে এশিয়াটিক সোসাইটি কর্তৃক প্রকাশিত বিশ্বকোষটির নাম বাংলাপিডিয়া।

৮৪. সমুদ্রসীমা নিয়ে মিয়ানমারের সাথে বিরোধ নিষ্পত্তির ফলে আমরা পেয়েছি—

- (ক) ১ লক্ষ বর্গ কিলোমিটারের বেশি জলসীমা (খ) ৫০ হাজার বর্গ কিলোমিটার জলসীমা
 (গ) ১২ হাজার বর্গ কিলোমিটার জলসীমা (ঘ) কোনোটিই নয়

সমাধান জার্মানির হামবুর্গে অবস্থিত সমুদ্র আইন বিধায়ক আন্তর্জাতিক আদালত ITLOS। দ্বিপাক্ষিক আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তি না হওয়ায় বাংলাদেশ ১৪ ডিসেম্বর ২০০৯ মিয়ানমারের বিরুদ্ধে মামলা করে। বাংলাদেশ বনাম মিয়ানমারের সমুদ্রসীমা মামলার সজপতি ছিলেন হোসে লুইস জেসাস (কেপ্তার্দে)। বাংলাদেশ-মিয়ানমার সমুদ্রসীমা মামলার রায় হয় ১৪ মার্চ ২০১২। সমুদ্রসীমা নিয়ে মিয়ানমারের সাথে বিরোধ নিষ্পত্তির ফলে আমরা পেয়েছি ১,১১,৬৬১ বর্গ কিমি জলসীমা।

৮৫. ব্রিটেনের বানি দ্বিতীয় এলিজাবেথ কমনওয়েলথভুক্ত কয়টি রাষ্ট্রের বানী এবং রাষ্ট্রপ্রধান?

- ক) ২০টি ● ১৬টি গ) ১৪টি ঘ) ১০টি

তথ্য যুক্তরাজ্য এবং সাবেক ব্রিটিশ উপনিবেশভুক্ত ১৫টি দেশ ব্রিটেনের রাজা/বানীকে তাদের প্রতীকী রাষ্ট্রপ্রধান হিসেবে মান্য করে। দেশগুলো হলো-(১) কানাডা, (২) অস্ট্রেলিয়া, (৩) নিউজিল্যান্ড, (৪) জ্যামাইকা, (৫) বার্বাডোস, (৬) বাহামা দ্বীপপুঞ্জ (৭) গ্রানাডা, (৮) পাপুয়া নিউগিনি, (৯) সলোমন দ্বীপপুঞ্জ, (১০) টুভালু, (১১) সেন্ট লুসিয়া (১২) সেন্ট ভিনসেন্ট অ্যান্ড দ্য গ্রানাডাইন্স (১৩) বেলিজ, (১৪) এন্টিগুয়া অ্যান্ড বারবুডা, (১৫) সেন্ট ক্রিস্টোস অ্যান্ড নেভিস।

৮৬. কোন ক্ষেত্রে সাফল্য অর্জন করায় বাংলাদেশ ২০১০ সালে জাতিসংঘ পুরস্কার লাভ করে?

- শিশুমৃত্যু হ্রাস ● প্রসূতিমৃত্যু হ্রাস
গ) মাতৃমৃত্যু হ্রাস ঘ) শিক্ষাহার বৃদ্ধি

তথ্য শিশু মৃত্যু হ্রাসের ক্ষেত্রে সাফল্য অর্জন করায় বাংলাদেশ ২০১০ সালে জাতিসংঘ পুরস্কার লাভ করে। সহস্রাব্দ উন্নয়ন লক্ষ্যমাত্রা বা MDG বাস্তবায়নে অসাধারণ সাফল্যের স্বীকৃতিস্বরূপ বাংলাদেশের পাশাপাশি আরও ৫টি দেশকে জাতিসংঘ পদক প্রদান করা হয়। ২০০০ সালে জাতিসংঘ সাধারণ পরিষদের এক অধিবেশনে ৮টি বিষয়কে নিয়ে যে MDG নির্ধারণ করা হয় তার ১০ বছর পর ১৯ সেপ্টেম্বর ২০১০ নিউইয়র্কের ম্যানহাটনের ওয়ার্ল্ড আন্টোরিয়া হোটেলের গ্র্যান্ডরুমে দেয়া হয় এ পুরস্কার।

৮৭. মানবদেহে HIV প্রবেশ করার কতদিনের মধ্যে শরীরে এইভসের লক্ষণ দেখা যায়?

- ক) ১ মাস থেকে ২ মাস গ) ১ বছর থেকে ২ বছর
● ৬ মাস থেকে ১০ বছর ঘ) ৩ মাস থেকে ৪ মাস

তথ্য মানবদেহে HIV (Human Immunodeficiency Virus)-এর আক্রমণে AIDS (Acquired Immune Deficiency Syndrome) রোগ হয়। HIV এক ধরনের রেট্রো (Retro) ভাইরাস যা নির্দিষ্ট কয়েকটি উৎসে মানবদেহে প্রবেশ করে রোগ প্রতিরোধ ক্ষমতাকে সম্পূর্ণরূপে বিনষ্ট করে দেয়। মানবদেহে HIV প্রবেশ করার ৬ মাস থেকে ১০ বছরের মধ্যে শরীরে এইভসের লক্ষণ দেখা যায়।

৮৮. ২০১৪ সালে বিশ্বকাপ ফুটবল কোথায় অনুষ্ঠিত হয়?

- ক) লন্ডন গ) বার্লিন গ) আর্জেন্টিনা ● ব্রাজিল

তথ্য ২০১৪ সালে বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় ব্রাজিলে। এটি ছিল বিশ্বকাপ ফুটবলের ২০তম আসর। আর, ২০১৮ সালে ২১তম বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হবে রাশিয়ায়।

৮৯. গোলক ভাঙাট করা খাতা পড়তে পারে কোন ইনপুট ডিভাইস?

- ক) বারকোড রিডার গ) স্ক্যানার
● ও এম আর ঘ) ওয়েব ক্যাম

তথ্য ওএমআর (OMR)-এর পূর্ণরূপ হচ্ছে অপটিক্যাল মার্ক রিডার (Optical Mark Reader)। ওএমআর আলোর প্রতিফলনের সাহায্যে কোনো বিষয়কে মার্ক করে শুধুমাত্র তার চিহ্নগুলো পাঠ করে কম্পিউটারকে জানায়। বর্তমানে মাধ্যমিক ও বিসিএস পরীক্ষার নৈর্ব্যক্তিক প্রশ্নের উত্তর খুব দ্রুত যাচাই করে তার ফলাফল প্রদানের জন্য ওএমআর পদ্ধতি ব্যবহার করা হচ্ছে।

৯০. বাংলাদেশের সর্বিধান ২০১১ সাল পর্যন্ত কতবার সংশোধন হয়েছে?

- ক) ১১ ● ১৫ গ) ১৩ ঘ) ১৭

তথ্য বাংলাদেশের সর্বিধান ২০১১ সাল পর্যন্ত ১৫ বার সংশোধন হয়েছে। ২০১১ সালের ২৫ জুন পঞ্চদশ সংশোধনী জাতীয় সংসদে বিল আকারে উপস্থাপিত হয়। ৩০ জুন ২০১১ জাতীয় সংসদে প্রথম কঠোরভায়ে এবং পরে দুর্দম বিক্রি ভায়ে পাশ হয়। ৩ জুলাই ২০১১ রাষ্ট্রপতি মোঃ জিলুর রহমান এতে স্বাক্ষর প্রদান করেন। উল্লেখ্য, এ সংশোধনীর মাধ্যমে নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারব্যবস্থা বাতিল হয়ে যায়।

৯১. Meteorology কী স্বকীয় বিজ্ঞান?

- ক) বিষ সম্পর্কিত বিদ্যা গ) উদ্যান বিষয়ক বিজ্ঞান
গ) পরিবেশের সাথে জীবের সম্পর্ক স্বকীয় বিজ্ঞান ● আবহাওয়া ও জলবায়ু স্বকীয় বিজ্ঞান

তথ্য পরিবেশের সাথে জীবের সম্পর্ক স্বকীয় বিজ্ঞানকে Ecology, উদ্যানবিষয়ক বিজ্ঞান Botany এবং আবহাওয়া ও জলবায়ু স্বকীয় বিজ্ঞানকে Meteorology বলে।

৯২. ইন্টারনেট কত সালে শুরু হয়?

- ক) ১৯৫৯ সালে ● ১৯৬৯ সালে
গ) ১৯৭৯ সালে ঘ) ১৯৮৯ সালে

তথ্য ১৯৬৯ সালের ১৪ জানুয়ারি ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়, লস আঞ্জেলেস ও স্ট্যানফোর্ড রিসার্চ ইনস্টিটিউটের মধ্যে প্রথম নেটওয়ার্ক যোগাযোগ স্থাপিত হয়। ১৯৮১ সালে আইবিএম-এর মতো কোম্পানিগুলো বেশ কিছু নেটওয়ার্ক চালু করে। সেপ্টেম্বর ১৯৯২ তারিখে সারা ইউরোপে ইন্টারনেট ব্যবস্থা চালু হয়।

৯৩. পিলখানায় বিডিআর বিদ্রোহ সংঘটিত হয় কবে?

- ২৫ ফেব্রুয়ারি ২০০৯ গ) ২৫ ফেব্রুয়ারি ২০১০
গ) ২১ আগস্ট ২০০৯ ঘ) ২১ সেপ্টেম্বর ২০১০

তথ্য বাংলাদেশ রাইফেলস (বিডিআর)-এর বর্তমান নাম বর্ডার গার্ড বাংলাদেশ (BGB)। বর্ডার গার্ড বাংলাদেশ ২৩ জানুয়ারি ২০১১ যাত্রা শুরু করে। ঢাকার পিলখানায় মর্মান্তিক বিডিআর বিদ্রোহ সংঘটিত হয় ২৫-২৬ ফেব্রুয়ারি ২০০৯। বর্ডার গার্ড বাংলাদেশ আইনে বিদ্রোহের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদণ্ড।

৯৪. মানব সভ্যতার শুরু হয় কী থেকে?

